হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২০৮ ঃ মেহেরপুর- শুক্রবার ৮ আগষ্ট ২০২৫ ইং ঃ ২৪ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ১৩ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



ফিরে আসতে চান অরুণা বিশ্বাস -পৃষ্ঠা-৩

## সরকারের দ্বিতীয় পর্ব শুরু, এখন প্রধান কাজ ভালো নির্বাচন: প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

উপদেষ্টা পরিষদের সাপ্তাহিক বৈঠকে প্রধান উপদেষ্টা ভালো একটি নির্বাচন আয়োজনের নির্দেশ দিয়ে বলেছেন, গত ৫ আগস্ট অন্তর্বর্তী সরকারের প্রথম অধ্যায় শেষ হয়েছে। এরপর দ্বিতীয় অধ্যায় শুরু হয়েছে। এখন সরকারের প্রথম ও প্রধান কাজ হলো আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করা। বৃহস্পতিবার সচিবালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। প্রেস সচিব বলেন, ‘বৈঠকে প্রধান উপদেষ্টা উপদেষ্টাদের উদ্দেশে বলেন, নির্বাচন যেন সুষ্ঠু, নিরপেক্ষ এবং উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়, তা নিশ্চিত করাই এখন সরকারের প্রধান দায়িত্ব।’ শফিকুল আলম জানান, মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে যুদ্ধবিমান দুর্ঘটনায় জীবনবাজি রেখে শিক্ষক মেহেরিন চৌধুরী শিক্ষার্থীদের বাঁচাতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে তার নামে একটি অ্যাওয়ার্ড দেওয়ার

(২ এর পাতায় দেখুন)



# সীমান্তে মাদক বহণে প্রাণ গেল বাবুর হরিরামপুর বিলে মিলল মরদেহ

নিজস্ব প্রতিবেদক

মাদক বহনের সময় সীমান্তে বিজিবির উপস্থিতি টের পেয়ে পানিতে ঝাঁপ দিয়েছিলেন বাবু ওরফে মিঠু। দীর্ঘ রাতের খোঁজাখুঁজির পর অবশেষে হরিরামপুর বিলে ভেসে উঠল তার নিথর দেহ। স্থানীয়দের ভাষায়, ‘এই মৃত্যু শুধু একটি ব্যক্তির নয়, সীমান্তের বাস্তবতার এক নির্মম চিত্র।’

মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর সীমান্ত এলাকাটি দীর্ঘদিন ধরেই মাদক চোরাচালানের জন্য আলোচিত। ভারত সীমান্তসংলগ্ন এই এলাকা দিয়ে ফেনসিডিল, গাঁজা, ইয়াবাসহ নানা মাদক দ্রব্য আসা-যাওয়ার গোপন পথ হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। স্থানীয়ভাবে জানাজানি, প্রতি সন্ধ্যার পর এসব এলাকায় সীমান্তপারের সঙ্গে যোগাযোগ করে কিছু চক্র মাদক নিয়ে আসে এবং শহর পর্যন্ত ছড়িয়ে দেয়। বাবু ওরফে মিঠু (৪০), যিনি মেহেরপুর শহরের পেয়াদাপাড়ার বাসিন্দা ও শুকুর

(২ এর পাতায় দেখুন)

## শহড়াতলা প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার ৯০ বছর পরেও শিক্ষা-অধিকার থেকে বঞ্চিত শিশুরা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের শহড়াতলা গ্রামের প্রাণকেন্দ্রে অবস্থিত শহড়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি একসময় এ অঞ্চলের শিক্ষার অন্যতম আশ্রয়স্থল ছিল। ১৯৩৫ সালে প্রায় ৬৪ শতক জমির ওপর প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টি আজও টিকে আছে কেবল সরকারি নথিপত্রে ও কাগজে-কলমে। বাস্তবে এটি যেন অবহেলার প্রতিচ্ছবি হয়ে দাঁড়িয়েছে। বিদ্যালয়টির চারপাশে যতটা নয়, তার চেয়েও বেশি ভিতরে ছিন্নভিন্ন পরিকাঠামো, নাজুক পরিবেশ, হাটের উৎপাত, বৃষ্টির পানিতে তলিয়ে যাওয়া আঙিনা সব মিলিয়ে এটি যেন এক বিধ্বস্ত শিক্ষাঙ্গনের প্রতিচিত্র। বিদ্যালয়ে বর্তমানে চারটি শ্রেণিকক্ষ আছে। কিন্তু তার মধ্যে দুটি কক্ষের ছাউনি এখনো টিনের, যা প্রখর গ্রীষ্মে উত্তপ্ত হয়ে ওঠে এবং বর্ষায় শব্দ ও ফোঁটায় শ্রেণিকক্ষে পাঠদান প্রায় অসম্ভব করে তোলে। বিদ্যালয়ের কোনো শ্রেণিকক্ষে সিলিং ফ্যান নেই, নেই পর্যাপ্ত আলোর ব্যবস্থা। এমন পরিকাঠামোয় শিশুদের মনোযোগ ধরে রাখা যেমন কঠিন, তেমনি দীর্ঘ সময় ক্লাস করানোও দুঃসাধ্য। শুধু ভৌত অবকাঠামোই নয়, বিদ্যালয়টির আরেকটি

(২ এর পাতায় দেখুন)





## মেহেরপুর সফরে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার

মেহেরপুর প্রতিনিধি

সরকারের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐক্যমত) মনির হায়দার শুক্রবার (৮ আগস্ট) বিকালে মেহেরপুর সার্কিট হাউসে পৌঁছাবেন। তাঁর একান্ত সচিব মোহাম্মদ মামুন শলি নিশ্চিত করেছেন যে, সফরকালে তিনি সার্কিট হাউসে অবস্থান করবেন। সফরের অংশ

(২ এর পাতায় দেখুন)

## গাংনীতে মাদকসহ ৫ জন গ্রেফতার

গাংনী প্রতিনিধি

মেহেরপুর জেলা পুলিশের সার্বিক তত্ত্বাবধানে ও গাংনী থানা ও উপজেলা প্রশাসনের যৌথ উদ্যোগে পরিচালিত বিশেষ অভিযানে গাংনী উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মাদক সংশ্লিষ্ট অভিযোগে ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। এরমধ্যে ৪ জনকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দণ্ড প্রদান করা হয়েছে এবং একজনকে নিয়মিত মাদক মামলায় গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। গ্রেপ্তারকৃতরা হলেন, গাংনী উপজেলার সহড়াবাড়িয়া গ্রামের জনির উদ্দিনের ছেলে মোঃ সোহেল (৩০), একই গ্রামের মোঃ শাহাবুলের ছেলে মোঃ

(২ এর পাতায় দেখুন)



## গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আন্ত উপজেলা ফুটবল টুর্নামেন্ট

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে এবং জেলা ক্রীড়া অফিসের তত্ত্বাবধানে আসন্ন ১০ আগস্ট থেকে শুরু হচ্ছে গণঅভ্যুত্থান দিবস আন্তঃউপজেলা ফুটবল টুর্নামেন্ট। এতে জেলার তিনটি উপজেলার চারটি দল অংশগ্রহণ করবে। টুর্নামেন্টে অংশগ্রহণকারী দলগুলো

(২ এর পাতায় দেখুন)

### মেহেরপুরে একদিনে চার মামলার রায়

## একাধিক আসামির সাজা

নিজস্ব প্রতিবেদক

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মেহেরপুর মোঃ শাজাহান আলী-এর আদালতে আজ পৃথক চারটি মামলার রায়ে একাধিক আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করা হয়েছে। দণ্ডবিধির বিভিন্ন ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এসব রায় ঘোষণা করা হয়।

মিথ্যা মামলা দায়েরে ২ বছর করে কারাদণ্ড : মিস কেস নম্বর ০৪/২২ (মেহেরপুর) অনুযায়ী, মোঃ মিজানুর রহমান নামীয় এক ব্যক্তি মেহেরপুর আদালতে এক মামলা দায়ের করতে আসলে, আদালত তার অভিযোগের সাথে আঘাতের প্রমাণের গরমিল পান। আদালতের নির্দেশে ব্যান্ডেজ খোলার পর দেখা যায় শরীরে কোনো আঘাতের চিহ্ন নেই। এ অবস্থায় আদালত স্বপ্রণোদিত হয়ে একটি মিস কেস রুজু করেন এবং পরে তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি ১৯৩ ও ২১১ ধারায় ২ বছর করে মোট ৪ বছর কারাদণ্ড এবং সর্বমোট ১০,০০০ টাকা অর্থদণ্ড অনাদায়ে অতিরিক্ত ৩০ দিনের কারাদণ্ড প্রদান করেন। তবে উভয় সাজা একত্রে চলবে। মাদক মামলায় দুই যুবকের সাজা : জি.আর নম্বর ৩৭৪/২১ (মেহেরপুর) অনুযায়ী, মেহেরপুর সদর থানার আমদহ গ্রামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে মোঃ আরিফুল ইসলাম আরিফ ও আল শাহরিয়ার শুভ নামীয় দুই যুবককে আটক করা হয়। তাদের কাছ থেকে মোট ১ গ্রাম হেরোইন জব্দ করা হয়। আদালতে দোষ প্রমাণিত হওয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ৮(ক) ধারায় উভয় আসামিকে ১ বছর করে কারাদণ্ড ও ৫,০০০ টাকা করে অর্থদণ্ড অনাদায়ে ১৫ দিনের অতিরিক্ত কারাদণ্ড প্রদান করা হয়েছে। উল্লেখ্য, উভয় আসামির বিরুদ্ধে পূর্বেও মাদক সংক্রান্ত মামলা বিচারাধীন রয়েছে।

মারধরের অভিযোগে এক ব্যক্তির সাজা, এক নারীর

(২ এর পাতায় দেখুন)




## দর্শনা সীমান্তে ২১টি স্বর্ণের বারসহ চোরাকারবারী আটক স্বর্ণের বাজারমূল্য প্রায় ৩ কোটি ৬০ লাখ টাকা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে অভিযান চালিয়ে ২১টি স্বর্ণের বারসহ এক চোরাকারবারীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বৃহস্পতিবার (৭ আগস্ট) দুপুর সাড়ে ১২টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসানের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। আটক ব্যক্তির নাম আবদিন মিয়া (৩০)। তিনি চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার গয়েশপুর গ্রামের মো. আনার আলীর ছেলে। ৬ বিজিবি ব্যাটালিয়নের

(২ এর পাতায় দেখুন)

## এনসিপি নেতাদের কক্সবাজার ভ্রমণ নিয়ে সন্দেহ-সংশয় জেগেছে: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কয়েকজন কেন্দ্রীয় নেতার কক্সবাজার ভ্রমণ নিয়ে মানুষের মনে সন্দেহ-সংশয় জেগেছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, এনসিপির কিছু নেতৃবৃন্দ কক্সবাজারে গেছেন, তারা যেতেই পারেন। অসুবিধার কিছু নেই। সেখানে যদি কোনো কূটনীতিকের সঙ্গে আপনাদের আলাপ-আলোচনা হয়, প্রোগ্রাম হওয়ার থাকে, সেটা হতেই পারে। কিন্তু মানুষের সংশয় হচ্ছে, এই লুকোচুরি কেন? এটা করবেন না। বৃহস্পতিবার উত্তরার দিয়াবাড়ীতে শুক্রভাঙ্গা এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড

(২ এর পাতায় দেখুন)



## মেহেরপুর পৌর কলেজ পাড়ায় চায়ের দোকানে অগ্নিকান্ড

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর শহরের পৌর কলেজ পাড়ায় বৃহস্পতিবার ( ৭ আগস্ট) মধ্যরাতে একটি চায়ের দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজের সামনে কাথুলী সড়কের প্রাচীর সংলগ্ন ‘রুস্তমের চা’ নামের দোকানে আচমকা আগুন লাগে, যা দ্রুত ছড়িয়ে পড়ে এবং দোকানটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। স্থানীয় বাসিন্দারা আগুনের ধোঁয়া দেখতে পেয়ে দ্রুত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে খবর দেন। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে

(২ এর পাতায় দেখুন)

## সাগরের পাড়ে বসে গভীরভাবে ভাবতে চেয়েছি- নাসীরুদ্দীন পাটওয়ারী

সূর্যোদয় প্রতিবেদন

৫ আগস্ট গণঅভ্যুত্থানের প্রথম বর্ষপূর্তির দিনে কক্সবাজারে ঘুরতে যাওয়া প্রসঙ্গে নিজের ব্যাখ্যা উপস্থাপন করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসী-রুদ্দীন পাটওয়ারী। বৃহস্পতিবার দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে এক পোস্টে তিনি বলেন, ‘সাগরের পাড়ে বসে আমি গভীরভাবে ভাবতে চেয়েছি গণ-অভ্যুত্থান, নাগরিক কমিটি, নাগরিক পার্টির কাঠামো, ভবিষ্যৎ গণপরিষদ এবং একটি নতুন গণতান্ত্রিক সংবিধানের রূপরেখা নিয়ে। আমি এটিকে কোনো অপরাধ মনে করি না, বরং একজন রাজনৈতিক কর্মীর জন্য এটি একটি দায়িত্বশীল

(২ এর পাতায় দেখুন)



## গোভীপুর দাখিল মাদ্রাসায় শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর দাখিল মাদ্রাসায় শিক্ষার্থীদের পরিবেশ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করা হয়েছে। মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি খালিদ সাইফুল ইসলামের ব্যক্তিগত উদ্যোগে বৃহস্পতিবার সকালে এ কর্মসূচি পালন করা হয়।

মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচির উদ্বোধন করেন সভাপতি খালিদ সাইফুল ইসলাম। এ

(২ এর পাতায় দেখুন)

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর (বিএনপিতে পাল্টাপাল্টি মিছিল মুখোমুখি অবস্থানে উত্তেজনা)

পাল্টাপাল্টি মিছিল করে
মুখোমুখি হয়ে
মুখ খুলেছে হাত খুললেই
পড়তো সবার ঘড়ে।
কার কত মানুষ ছিল
দেখলাম গতকাল
এক গ্রুপে গুনতে মানুষ
হাল পাইনি তার।
গরম ছিল উভয় দলে
গরম ছিল মনে
এত মানুষ কোথায় ছিল
জানতো না কেউ আগে।
কেউ বলছে ভুয়া পার্টি
কে বলছে ভালো
কেউ বলছে আওয়ামী লীগের
এখন পোয়া বারো ।
মিছিল যত দেখবো কত
বলার কিছুই নাই
দেখবে মানুষ এখন শুধু
ধানের শীষ কে পাই ।




## আশরাফপুর দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসায় অভিভাবক সমাবেশ

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসায় শিক্ষার গুণগত মান উন্নয়ন ও আদর্শ চরিত্র গঠনের লক্ষ্যে এক অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টায় মাদ্রাসার মিলনায়তনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব

(২ এর পাতায় দেখুন)




## চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন

চুয়াডাঙ্গা প্রতিনিধি

‘পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি’ এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টায় জেলা প্রশাসক কার্যালয় চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে কবরী রোডে মুক্তমঞ্চে গিয়ে শেষ হয়। এসময় ফিতা কেটে ও বেলুন উড়িয়ে

(২ এর পাতায় দেখুন)

## ‘জুলাই ঘোষণাপত্রে গণমানুষের আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়নি’

সূর্যোদয় প্রতিবেদন

অবিলম্বে জুলাই ঘোষণাপত্রে জনগণের প্রত্যাশার অপরিহার্য বিষয়গুলো অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য এবং চট্টগ্রাম মহানগরীর ভারপ্রাপ্ত আমির মুহাম্মদ নজরুল ইসলাম। তিনি বলেন, এই ঘোষণাপত্রে দেশের গণমানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেনি। বৃহস্পতিবার (৭ আগস্ট) সকালে জামায়াতে ইসলামী চট্টগ্রাম মহানগরীর কর্মপরিষদ বৈঠকে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নজরুল ইসলাম বলেন,

(২ এর পাতায় দেখুন)




## কুষ্টিয়ায় ‘মেধা’র উদ্যোগে গণিত প্রতিযোগিতা অনুষ্ঠিত

কুষ্টিয়া প্রতিনিধি

স্বেচ্ছাসেবী সংগঠন ‘মেধা’র উদ্যোগে ও ইঞ্জিনিয়ার খন্দকার সালাউদ্দিনের সহযোগিতায় কুষ্টিয়ায় অনুষ্ঠিত হয়েছে ‘গণিত প্রতিযোগিতা-২০২৫’।

বৃহস্পতিবার (৭ আগস্ট) সকাল সাড়ে ১০টায় জেলা শিল্পকলা

(২ এর পাতায় দেখুন)

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ২৪ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ৮ আগস্ট ২০২৫ইং

# ভারতের গার্মেন্ট শিল্পে মৃত্যুঘণ্টার শঙ্কা

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের বাজারে ভারতের পোশাক রফতানি খাত চরম ঝুঁকির মুখে পড়েছে। প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের নতুন ঘোষণায় ভারতের পোশাক রফতানির ওপর শুল্ক ২৫ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ নির্ধারণ করা হয়েছে। এর ফলে বিপুল সংখ্যক গার্মেন্ট কারখানায় উৎপাদন বন্ধ এবং শ্রমিক ছাঁটাইয়ের আশঙ্কা দেখা দিয়েছে। ভারতের গার্মেন্ট খাতের অন্যতম সংগঠন অ্যাপারেল এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল-এর চেয়ারম্যান সুধীর সেখরি জানিয়েছেন, “এই শিল্পের পক্ষে এত উচ্চহারে ট্যারিফ বহন করা কোনোভাবেই সম্ভব না। অনেক কারখানাই বন্ধ হয়ে যাবে, ফলে লক্ষ লক্ষ শ্রমিক বেকার হয়ে পড়বেন।”

ভারতের টেক্সটাইল ও গার্মেন্টস রফতানি বাজারের মোট মূল্য প্রায় ৩৭ বিলিয়ন ডলার, যার মধ্যে একমাত্র যুক্তরাষ্ট্রেই রফতানি হয় প্রায় ১০ বিলিয়ন ডলার। এটি ভারতের দ্বিতীয় বৃহত্তম শ্রমনির্ভর খাত, যেখানে প্রায় ৪.৫ কোটি মানুষ সরাসরি কর্মরত।

বিশেষজ্ঞদের মতে, বাংলাদেশের বর্তমান শুল্ক হার যেখানে মাত্র ২০%, সেখানে ভারতের ৫০% শুল্ক আরোপ প্রতিযোগিতায় টিকে থাকার পথ কঠিন করে তুলবে। ইতোমধ্যে ভিয়েতনাম ও শ্রীলঙ্কার মতো প্রতিদ্বন্দ্বীরা যুক্তরাষ্ট্রে প্রতিযোগিতামূলক অবস্থানে চলে গেছে। রফতানিকারকরা ভারত সরকারের কাছে জরুরি আর্থিক সহায়তা ও নীতিগত হস্তক্ষেপ দাবি করেছেন। এ বিষয়ে সংস্থাটির আরেক চেয়ারম্যান রাকেশ মেহরা বলেন, “আমরা এমনিতেই সংকটকাল পার করছি। যুক্তরাষ্ট্রের এই শুল্ক সিদ্ধান্ত আমাদের রফতানির ভবিষ্যৎ আরও অনিশ্চিত করে তুলেছে।” এদিকে যুক্তরাষ্ট্র সরকার চীনকেও অতিরিক্ত শুল্কের আওতায় এনেছে এবং আরও শুল্ক আরোপের হুঁশিয়ারি দিয়েছে, যদি ১২ আগস্টের মধ্যে বাণিজ্য আলোচনা সফল না হয়। বিশ্লেষকদের অভিমত, ভারত যদি দ্রুত ও কার্যকর পদক্ষেপ না নেয়, তবে

(৩ এর পাতায় দেখুন)

জীবন ধারা



## চিনি নাকি গুড়ড় কোনটি বেশি স্বাস্থ্যকর?

সূর্যোদয় প্রতিবেদন

আমাদের প্রতিদিনের খাদ্য তালিকায় মিষ্টি স্বাদ যেন এক অবিচ্ছেদ্য অংশ। চা, কফি, মিষ্টান্ন, হালুয়া কিংবা বিভিন্ন রান্নায় আমরা সাধারণত চিনি ব্যবহার করে থাকি। তবে স্বাস্থ্য সচেতনতা বাড়ার সঙ্গে সঙ্গে বর্তমানে অনেকেই চিনির বিকল্প হিসেবে গুড় ব্যবহার শুরু করেছেন। এখন প্রশ্ন হচ্ছে চিনি না গুড়, কোনটি স্বাস্থ্যের জন্য ভালো? চলুন বিজ্ঞান ও পুষ্টিগুণের দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করি। চিনির প্রকৃতি ও ক্ষতিকর দিক : চিনি হলো মূলত সুক্রোজ নামক একটি রাসায়নিক যৌগ, যা আখ কিংবা বিট থেকে প্রক্রিয়াজাত উপায়ে তৈরি হয়। এটি খেতেই শুধু মিষ্টি নয়, খাওয়ার পর শরীরে দ্রুত শক্তি জোগায়। তবে দীর্ঘমেয়াদে এটি শরীরের ওপর বিরূপ প্রভাব ফেলতে পারে। চিনিতে কোনো ভিটামিন, খনিজ বা খাদ্যআঁশ নেই শুধু ক্যালোরি সরবরাহ করে। ফলে ওজন বাড়ে এবং বিপাক ক্রিয়ায় সমস্যা দেখা দেয়। এটি রক্তে গ্লুকোজের মাত্রা হঠাৎ করে বাড়িয়ে দেয়, যা ডায়াবেটিসের ঝুঁকি অনেকগুণ বাড়ায়। অতিরিক্ত চিনি খেলে কোলেস্টেরলের মাত্রা বেড়ে গিয়ে হৃদযন্ত্রে চাপ পড়ে। নিয়মিত চিনি খাওয়ার ফলে দাঁতে ক্যাভিটি ও অন্যান্য সমস্যা দেখা দিতে পারে। আর গুড় হলো আখ বা খেজুরের রস প্রাকৃতিকভাবে জ্বাল দিয়ে ঘন করে তৈরি একটি মিষ্টি পদার্থ। চিনির তুলনায় এটি কম প্রক্রিয়াজাত এবং তাতে রয়েছে নানা গুরুত্বপূর্ণ খনিজ উপাদান। গুড়ে থাকে আয়রন, ক্যালসিয়াম, পটাসিয়াম, ম্যাগনেশিয়াম ও অল্প পরিমাণে ভিটামিন বি। আয়রনসমৃদ্ধ হওয়ায় এটি

(৩ এর পাতায় দেখুন)



## প্রয়াণ দিবসে শিলাইদহে কবিগুরুকে শ্রদ্ধায় স্মরণ

কুষ্টিয়া প্রতিনিধি

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮৪তম প্রয়াণ দিবস উপলক্ষে কুষ্টিয়ার কুমারখালীর শিলাইদহে নানা আয়োজনের মাধ্যমে কবিগুরুকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার (৭ আগস্ট) বিকেলে শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ি চত্বরে কবিগুরুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শুরু হয় এ দিনের কর্মসূচি। পরে বকুলতলায় অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এম এম মিকাইল ইসলাম। সভাপতিত্ব করেন কুঠিবাড়ির কাস্টডিয়ান আল আমীন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) বিজয় কুমার জোয়ার্দার এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. তিয়াশা চাকমা।রবীন্দ্রনাথের জীবনদর্শন ও সাহিত্যকর্ম নিয়ে আলোচনা করেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের

(৩ এর পাতায় দেখুন)

## ‘উপযুক্ত পরিবেশে’ জেলেনস্কির সঙ্গে বৈঠকে বসতে রাজি পুতিন

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন জানিয়েছেন, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে বৈঠকে তার কোনো আপত্তি নেই, তবে এজন্য ‘উপযুক্ত পরিবেশ’ গড়ে তুলতে হবে। বৃহস্পতিবার (৭ আগস্ট) এক প্রতিবেদনে এ খবর দিয়েছে রুশ বার্তা সংস্থা তাস। সম্প্রতি সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পুতিন বলেন, ‘আমি আগেও বলেছি, এমন বৈঠকে আমার আপত্তি নেই। এটা সম্ভব। তবে এজন্য কিছু শর্ত তৈরি করতে হবে। দুর্ভাগ্যজনকভাবে, সেই পরিবেশ এখনও তৈরি হয়নি।’ ক্রেমলিন বহুবার জানিয়েছে, পুতিন ও জেলেনস্কির মধ্যে একটি বৈঠকের জন্য রাশিয়া প্রস্তুত। তবে এজন্য বিপুল পরিমাণ প্রস্তুতিমূলক কাজ করতে হবে। বিপরীতে, কিয়েভ এমন একটি বৈঠকের দাবি জানাচ্ছে যার কোনও সুস্পষ্ট এজেন্ডা নেই

(৩ এর পাতায় দেখুন)



## শেখ হাসিনা একদিন না একদিন ফিরবেন, বিচারের সম্মুখীন হবেন

সূর্যোদয় প্রতিবেদন

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা একদিন না একদিন দেশে ফিরে আসবেন এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলার বিচারের সম্মুখীন হবে বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব মোহাম্মদ শফিকুল আলম। বৃহস্পতিবার (৭ আগস্ট) সচিবালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠকের প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বৈঠকে সভাপতিত্ব করেন।শেখ হাসিনাকে দেশে ফেরানো নিয়ে কোনো উদ্যোগ নিয়েছেন কিনা জানতে চাইলে শফিকুল আলম বলেন, এ বিষয়ে আমাদের পররাষ্ট্র উপদেষ্টা কথা বলেছেন। আমাদের সব চেষ্টাগুলোর মধ্যে একটা হচ্ছে শেখ হাসি-নাকে ফিরিয়ে এনে বিচারের সম্মুখীন করা। আমরা চাই তার বিরুদ্ধে যে অভিযোগগুলো আছে সেটার ন্যায়বিচার তিনি যাতে পান। আমরা

(৩ এর পাতায় দেখুন)

## ২৪ ধাপ উন্নতি বাংলাদেশের মেয়েদের

সূর্যোদয় প্রতিবেদন

নিয়মিত ভালো পারফর্ম করে যাচ্ছে বাংলাদেশের নারী ফুটবল দল। ইতিহাস গড়ে প্রথমবারের মতো জায়গা করে নিয়েছে এশিয়া কাপেও। মায়ানমারে এএফসি এশিয়ান কাপের বাছাইয়ে দারুণ পারফরম্যান্সের পর র‌্যাঙ্কিংয়েও সুখপর পেয়েছে বাংলাদেশের মেয়েরা। বৃহস্পতিবার (৭ আগস্ট) ফিফার প্রকাশিত নারী ফুটবল র‌্যাঙ্কিংয়ের সবশেষ হালনাগাদে ২৪ ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১০৪তম স্থানে উঠে এসেছে ১১৭৯.৮৭ রেটিং পয়েন্ট নিয়ে। +৮০.৫১

(৩ এর পাতায় দেখুন)

## ঘানায় হেলিকপ্টার দুর্ঘটনায় দুই মন্ত্রীসহ নিহত ৮

সূর্যোদয় প্রতিবেদন

আফ্রিকার দেশ ঘানায় ভয়াবহ হেলিকপ্টার দুর্ঘটনায় দেশটির প্রতিরক্ষামন্ত্রী এডওয়ার্ড ওমানে বোআমাহ এবং পরিবেশ, বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইব্রাহিম মুত্তাল্লা মুহাম্মদসহ মোট ৮ জন নিহত হয়েছেন। বৃহস্পতিবার (৭ আগস্ট) এ মর্মান্তিক দুর্ঘটনার খবর নিশ্চিত করেছে ঘানার প্রেসিডেন্সি। জানা গেছে, সকাল ৯টার কিছু পর রাজধানী আক্রা থেকে ওবুয়াসির উদ্দেশে যাত্রা করা ঘানার বিমান বাহিনীর একটি হেলিকপ্টার রাডার থেকে হারিয়ে যায়। এর পর বেশ কয়েক ঘণ্টা পেরিয়ে গেলেও এর

(৩ এর পাতায় দেখুন)




## জাতিকে এগিয়ে নিতে ড. ইউনূসের ভিশনকে গ্রহণ করবে বিএনপি: সালাহউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

ভবিষ্যতে জাতিকে এগিয়ে নিতে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের ভিশনকে বিএনপি গ্রহণ করবে বলে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। বৃহস্পতিবার দুপুরে গুলশানে নিজ বাসায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন।

দক্ষিণ বা উত্তরপন্থি নয় বিএনপি বাংলাদেশপন্থি বা মধ্যপন্থি দল উল্লেখ করে সালাহউদ্দিন আহমদ বলেন, বিএনপি গণমানুষের দল। রাজনৈতিক দলগুলোর মধ্যে আদর্শিক পার্থক্য থাকলেও জাতীয় স্বার্থে সবাই যেন এক জায়গায় বসতে পারে সেরকম পরিবেশ সৃষ্টিতে কাজ করছে বিএনপি। এজন্য সব পন্থার সঙ্গে আলোচনা করা হচ্ছে। সরকারের কাছে আরও বেশি প্রত্যাশা ছিল জানিয়ে তিনি বলেন, নানা

(৩ এর পাতায় দেখুন)



## জামায়াতকে ক্ষমা চেয়ে নির্বাচনে অংশ নেওয়ার আহ্বান দুদুর

সূর্যোদয় প্রতিবেদন

১৯৭১ সালে করা ‘ভুলের’ জন্য ক্ষমা চেয়ে জামায়াতকে নির্বাচনে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু। তিনি বলেন, ’৭১-এ আপনারা যে ভুল করেছেন, তা সংশোধনের একটি সুযোগ এখনো আছে। আপনারা এখনো ক্ষমা

(৩ এর পাতায় দেখুন)

## বউ কাঁধে নিয়ে বিশ্বচ্যাম্পিয়ন

সূর্যোদয় প্রতিবেদন

ফিনল্যান্ডের সোনকায়ারভিতে অনুষ্ঠিত ‘ওয়াইফ ক্যারিং ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে’ প্রথমবারের মতো কোনো আমেরিকান দম্পতি হিসেবে হয়েছেন চ্যাম্পিয়ন। পিঠে বউ, সামনে অনেক বাধা। কখনো পানির ওপর দৌড়, কখনো কাদা আর দম বন্ধ করে রাখার মতো উত্তেজনাকর পরিস্থিতি। এমনই এক অদ্ভুত, অথচ আনন্দময় প্রতিযোগিতায় আমেরিকার ক্যালেব ও জাস্টিন রোজলার গড়েছেন ইতিহাস। ইএসপিএনে বিশ্বের আজব কিছু দৌড় প্রতিযোগিতার একটি ভিডিও দেখেই ক্যালেবের মাথায় বউ কাঁধে করে দৌড়ানোর এই খেলা শুরু করার চিন্তা আসে। তখন থেকেই জাস্টিনকে নিয়ে ট্রেনিং শুরু করেন। আর সেটা ছিল নিজ শহর ওয়াউকেশা, উইসকনসিন। বছরে এক-আধবার



পার্কে উল্টো করে স্ত্রীর পা কাঁধে নিয়ে ছুটতেন ক্যালেব। পথের কুকুর হাঁটানো মানুষরা অবাক হয়ে চেয়ে থাকত। কেউ কেউ আবার তিরস্কারও করতেন। তবে এই আজব শখ থেকেই জন্ম নেয় এক অবিস্মরণীয় সাফল্য। ২০২১ সালে উইসকনসিনে প্রথম প্রতিযোগিতায় অংশ নেন তাঁরা। এরপর টানা তিন বছর জিতেছেন নর্থ আমেরিকান চ্যাম্পিয়নশিপ। আর ২০২৫ সালে ফিনল্যান্ডে এসে বিশ্বমঞ্চে নাম লেখান ইতিহাসের পাতায়। দম্পতির মতে, জয়টা যতটা না কেবল শক্তির, তার চেয়ে বেশি পারস্পরিক বোঝাপড়ার। ক্যালেব যেমন দ্রুত, ততটাই দক্ষ জাস্টিন ‘এস্তোনিয়ান ক্যারি’ ভঙ্গিমায় নিজেকে ধরে রাখায়। এই কৌশলে স্ত্রীকে উল্টো করে কাঁধে নিয়ে দৌড়ানো হয়। পা সামনের দিকে,

(৩ এর পাতায় দেখুন)

## শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস, বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স, মিট বক্স এড, পাস্তা, সালাদ, ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা, কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

প্রযুক্তি

## নেটওয়ার্ক সমস্যা থেকে মুক্তি

সূর্যোদয় প্রতিবেদন

ফোনের সিগন্যালের সমস্যায় প্রায় সবাইকে কোনও না কোনও সময় পড়তে হয়। খুব প্রয়োজনীয় মুহূর্তে ঘনঘন কল ড্রপ হওয়া কিংবা আরও নানা ধরনের সমস্যায় প্রবল অস্থিরতার মধ্যে পড়ার অভিজ্ঞতা বোধহয় সবারই কমবেশি আছে।




তবে কিছু সহজ উপায়ে ফোনের এই নেটওয়ার্ক সমস্যা দূর করা যেতে পারে। প্রথমেই দেখে নিন আপনি কোনও ধাতব কাঠামো বা বড় দেয়ালের আশপাশে আছেন কিনা। তাহলে সেখান থেকে বেরিয়ে একটু ফাঁকা জায়গায় যেতে পারেন। এতেও কাজ না হলে ফোন কেসটা খুলে দেখুন, বিশেষত সেটা যদি একটু মোটা হয়। এরপরও কোনও সমাধান না হলে দেখে নিন ফোনে চার্জ কত ভাগ আছে। যদি কম থাকে, তাহলে চার্জ দেওয়ার ব্যবস্থা করুন। কেননা এমনও হতে পারে শক্তিশালী সিগন্যাল রিসিভ করার দরকার সত্ত্বেও স্রেফ ফোনের চার্জ তেমন বেশি না থাকায় তা হয়ে ওঠে না। মোবাইল নেটওয়ার্ককে শক্তিশালী করতে আরও একটা পদ্ধতি রয়েছে। সেটা হলো, নিজের ফোনের এয়ারপ্লেন মোড চালু করা। তারপর সেটা বন্ধ করে আবার সাধারণ মোডে ফিরে যাওয়া। তাতে কাজ না হলে ফোনটি রিস্টার্ট করুন। প্রয়োজনে সিম বের করে আরও একবার ঢুকিয়ে দেখুন। সাধারণত, এর মধ্যেই ফোনের সিগন্যাল মজবুত হয়ে ওঠে। আরও একটা সমস্যা হচ্ছে সেটিংস আপডেটের বার্তা এসেছে অথচ আপনি তা করেননি। অ্যান্ড্রয়েড বা আইফোনের ক্ষেত্রে এমনটা হয়ে

(৩ এর পাতায় দেখুন)

## মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

### নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ

**ডাঃ এম.র. মালিক**

এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল

রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

**ডাঃ কানিজ নাঈমা**

এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট

**ডাঃ রুমানা হেলালী (জুসি)**

এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ

**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**

এমবিবিএস(ডিইউ) আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট

**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**

এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও

রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## চিনি নাকি গুড় কোনটি বেশি

হিমোগ্লোবিন তৈরিতে সহায়তা করে। গুড় খেলে হজম প্রক্রিয়া উন্নত হয় এবং গ্যাস্ট্রিকের সমস্যা কমে। লিভার পরিষ্কার রাখতে ও শরীর থেকে টক্সিন দূর করতেও এটি কার্যকর। গরম দুধ বা পানিতে গুড় মিশিয়ে খেলে কাশি ও শ্বাসতন্ত্রের সংক্রমণ থেকে স্বস্তি মেলে। পটাসিয়াম ও সোডিয়ামের ভারসাম্য বজায় রেখে রক্তচাপ স্বাভাবিক রাখে। চিনি হোক বা গুড় উভয়ই এক ধরনের মিষ্টি উপাদান এবং অতিরিক্ত গ্রহণ কখনোই স্বাস্থ্যকর নয়। তবে স্বাভাবিক স্বাস্থ্য অবস্থায় এবং পরিমিত ব্যবহারে গুড় চিনির তুলনায় অনেক বেশি পুষ্টিকর ও স্বাস্থ্যসম্মত। বিশেষ করে যাদের হজম সমস্যা, রক্তশূন্যতা বা শীতকালে ঠান্ডা-কাশির সমস্যা বেশি, তাদের জন্য গুড় হতে পারে একটি কার্যকর প্রাকৃতিক সমাধান।

## ভারতের গার্মেন্ট শিল্পে মৃত্যুঘণ্টার

দেশটির গার্মেন্ট শিল্পের জন্য এই শুল্ক বৃদ্ধি হতে পারে "মৃত্যুঘণ্টা"।

## প্রয়াণ দিবসে শিলাইদহে কবিগুরুকে

অধ্যাপক ড. মো. রশিদুজ্জামান। এ উপলক্ষে গান, কবিতা ও নৃত্য পরিবেশনা করেন স্থানীয় শিক্ষার্থীরা। কুমারখালী সরকারি বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী লুকাইবা রশিদ আনিমা অনুষ্ঠানে গান পরিবেশন করে। সে জানায়, "কবিগুরুর জন্মদিনে যেমন আয়োজন হয়, প্রয়াণ দিবসেও তেমনটি হওয়া উচিত। এটি জাতীয়ভাবে পালিত হওয়া প্রয়োজন।" তবে অনুষ্ঠানটি ছিল সীমিত পরিসরে। বিকেলে সরেজমিন ঘুরে দেখা যায়, কুঠিবাড়ি এলাকায় ছিল অনেকটাই নিরবতা। হাতেগোনা কয়েকজন দর্শনার্থী ও রবীন্দ্রভক্ত এলেও, আয়োজনের জৌলুস ছিল অনুপস্থিত। এ প্রসঙ্গে কাস্টোডিয়ান আল আমীন বলেন, "এবার প্রয়াণ দিবসে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।" উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম আবু মিকাইল ইসলাম জানান, "জন্মবার্ষিকীর মতো প্রয়াণ দিবসটিও যেন জাতীয়ভাবে পালিত হয়, সে ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে।"

## 'উপযুক্ত পরিবেশে' জেলেনস্কির সঙ্গে

বলে অভিযোগ করেছে মস্কো। এ বিষয়ে ক্রেমলিনের উপদেষ্টা ইউরি উশাকভ জানান, যুক্তরাষ্ট্র একটি ত্রিপক্ষীয় বৈঠকের সম্ভাবনার কথা তুলেছেযেখানে পুতিন, জেলেনস্কি ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উপস্থিত থাকবেন। তবে মস্কো এই প্রস্তাব নিয়ে কোনো মন্তব্য না করে দ্বিপাক্ষিক রাশিয়া-যুক্তরাষ্ট্র শীর্ষ বৈঠকের ওপর জোর দিয়েছে। উশাকভ আরও জানান, পুতিন ও ট্রাম্পের মধ্যে বৈঠক আসন্ন দিনগুলোতেই অনুষ্ঠিত হবে। বিশ্লেষকদের মতে, দীর্ঘদিন ধরে চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সমাধানে এ ধরনের উচ্চপর্যায়ের বৈঠক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তবে প্রকৃত আলোচনা শুরু করতে হলে দুই দেশের মধ্যে আস্থা ও পারস্পরিক স্বীকৃত কাঠামো তৈরি করাটাই বড় চ্যালেঞ্জ।

## ২৪ ধাপ উন্নতি বাংলাদেশের

রেটিং পয়েন্ট বেড়েছে বাংলাদেশের মেয়েদের। এবারের হালনাগাদে সবচেয়ে বেশি এগোনো দল বাংলাদেশ।

সবশেষ জুনে মায়ানমার সফরের সময় ১২৮ নম্বরে ছিল বাংলাদেশ। বাহরাইন, মায়ানমারকে হারিয়ে এশিয়ান কাপের মূল পর্বে নাম লেখায় পিটার বাটলারের দল। দেশের নারী ফুটবলের ইতিহাসে ফিফা র‍্যাঙ্কিংয়ে এর আগে ১০০তম স্থানে উঠে এসেছিল বাংলাদেশ। ২০১৩ ও ২০১৭ সালে দুবার ঠিক এই অবস্থানে উঠে এসেছিল বাংলাদেশের মেয়েরা। বাংলাদেশের কাছে হেরে বাহরাইন ১৯ ধাপ পিছিয়ে নেমেছে ১১১ তম স্থানে। মায়ানমারও পিছিয়েছে এক ধাপ, ৫৬তম অবস্থান তাদের

## সালাহউদ্দিন

বাধাবিপত্তি উপেক্ষা করে যা অর্জন করেছে এর বেশি হয়তো সম্ভব ছিল না। তবে জাতির আশা আরও বেশি ছিল। সরকার যথাযথ সময়ে যথাযথ পদক্ষেপ নিতে ব্যর্থ হয়েছে বলে জানান তিনি। এই বিএনপি নেতা বলেন, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে যে সমস্ত পদক্ষেপ নেওয়া দরকার ছিল সেগুলো নিতে সরকার ব্যর্থ হয়েছে।

নির্বাচন কমিশনকে পাঠানো চিঠি এক বছরের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ জানিয়ে সালাউদ্দিন আহমদ বলেন, জাতি এর জন্যই অপেক্ষা করছিল। সংস্কার ও বিচারেও অগ্রগতি হয়েছে, বিএনপি সন্তুষ্ট। ভবিষ্যতেও জাতিকে এগিয়ে নিতে প্রধান উপদেষ্টার ভিশনকে বিএনপি গ্রহণ করবে। নির্বাচন পরিচালনার জন্য দ্রুত আইনকানুন প্রণয়ন হবে প্রত্যাশা রেখে বিএনপির সিনিয়র এই নেতা বলেন, নির্বাচন সংক্রান্ত সাংবিধানিক সংস্কার নির্বাচিত সরকার করবে। এছাড়া বর্তমানে পুলিশের স্ট্রাকচার রাতারাতি পরিবর্তনের সুযোগ না থাকলেও নির্বাচন পরিচালনায় তাদের রাখতে হবে। তবে মূল ভূমিকা রাখবে সেনাবাহিনী। তিনি বলেন, জনগণই স্বচ্ছ নির্বাচন চায়। জনগণ যেখানে স্বচ্ছ নির্বাচন চায় সেখানে জনগণ ও প্রার্থীদের মানসিকতার কারণে আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকা গৌণ হবে। জোটের বিষয়ে এই নেতা বলেন, তফশিল ঘোষণার আগ পর্যন্ত সমমনা যেকোনো রাজনৈতিক দলের সঙ্গে জোট হতে পারে। তবে জোটের বিষয়ে এখনও সিদ্ধান্ত হয়নি।

## নেটওয়ার্ক সমস্যা থেকে মুক্তি

থাকে। এতেও কিন্তু সিগন্যাল সমস্যা হতে পারে। কাজেই এমন কোনও আপডেট বাকি থাকলে তা করে ফেলুন। এতেও কাজ না হলে ফোনের নেটওয়ার্ক সেটিংস রিসেট করে দেখতে পারেন।

## জামায়াতকে ক্ষমা চেয়ে নির্বাচনে

চাননি। ক্ষমা চান, নির্বাচনে অংশ নিন। তাহলে অতীতের ভুল কিছু হলেও মোচন হবে। যদি নির্বাচন প্রতিরোধের জন্য রাস্তায় নামেন, তাহলে সেই ভুল দ্বিগুণ হবে।

বৃহস্পতিবার (৭ আগস্ট ) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের মওলানা আকরম খাঁ হলে বাংলাদেশ গণতান্ত্রিক সাংস্কৃতিক জোট আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জামায়াতের উদ্দেশে দুদু বলেন, এক সময় আন্দোলনের স্বার্থে, গণতান্ত্রিক লড়াইয়ের স্বার্থে বিএনপি আপনাদের পাশে দাঁড়িয়েছিল। সেই সময় আপনাদের গণমানুষের কাছাকাছি আসার সুযোগ হয়েছিল। বিএনপি তখন ক্ষতিগ্রস্ত হলেও জাতীয় স্বার্থে পাশে ছিল। সেটা যদি মনে রাখেন, তবে আপনার জন্য, দেশের জন্য সেটিই হবে শুভকর। তিনি বলেন, বর্তমানে বিএনপি হলো একমাত্র দল, যার শিকড় দেশের সর্বস্তরে ছড়িয়ে আছে। যেখানে ১০ জন আছে, সেখানে ৬-৭ জন বিএনপির। আওয়ামী লীগ ছিল, হারিয়ে গেছে। বিএনপি যদি উঠে দাঁড়ায়, তাহলে পুলিশ বা মিলিটারি দরকার হবে নাড়তারা নিজেরাই দেশ রক্ষা করতে পারবে। এটাই বাস্তবতা। তাই বিএনপিকে ঠেকাতে নানা অজুহাত, বিভ্রান্তি, নাটক সামনে আনা হচ্ছে। ছাত্রদলের সাবেক এই সভাপতি বলেন, আমরা বিশ্বাস করি, ড. ইউনূসের নেতৃত্বে একটি ভালো নির্বাচন সম্ভব। বিএনপি আগা-গোড়া এই নির্বাচনী উদ্যোগকে সমর্থন দিয়ে আসছে। সরকারও এখন সংসদ নির্বাচনের ঘোষণা দিয়েছে। নির্বাচন কমিশনও প্রস্তুতি নিচ্ছে। কিন্তু কেউ কেউ এই নির্বাচন প্রতিহত করার কথা বলছে, দাবি আদায়ে পথে নামার হুমকি দিচ্ছে। যদি নির্বাচন না হয়, তাহলে দেশ অনিশ্চিত গন্তব্যে পৌঁছাবে। দুদু বলেন, স্বাধীনতার পর জাতি শেখ মুজিবুর রহমানের কাছ থেকে যে প্রত্যাশা করেছিল, তা পূরণ হয়নি। তার শাসনামলে ৪০ হাজার বিরোধী দলের নেতা নিহত হয়েছিলেন, দুর্ভিক্ষে মানুষ না খেয়ে মারা গেছে। যে জাতির লাখ লাখ মানুষ শহীদ হয়েছিল স্বাধীনতা, গণতন্ত্র এবং দু'মুঠো ভাত পাবে এই প্রত্যাশায়, একটা চাকরি পাবে এই প্রত্যাশায়। তারা কিভাবে উপেক্ষিত হয়েছে, নিগৃহীত হয়েছে, ৭২ থেকে ৭৫ড় এই সময়টা যারা দেখেনি, শুধু বই পড়ে তারা সবটা জানতে পারবে না। আলোচনা সভায় বক্তৃতা করেন, বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিব, আয়োজক সংগঠনের সভাপতি হুমায়ুন কবির বেপারী, জাতীয়তাবাদী কৃষক দলের সাবেক দপ্তর সম্পাদক এস কে সাদী, জ্যেষ্ঠ সাংবাদিক মোস্তফা কামাল মজুমদার, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য বাবুল আহমেদ প্রমুখ।

## বউ কাঁধে নিয়ে বিশ্বচ্যাম্পিয়ন

মুখ পেছনে। এতে দৌড়ানোর সময় দু'হাত থাকে মুক্ত, ফলে গতি বাড়ে। বিশ্বচ্যাম্পিয়নশিপের সবচেয়ে চ্যালেঞ্জিং অংশ ছিল পানিতে ঝাঁপ দেওয়া। ক্যালেব ভেবেছিলেন, পানি হাঁটুর নিচে থাকবে। বাস্তবে সেটা ছিল এতটাই গভীর যে তাঁরা দুজনেই ডুবে যান। মুহূর্তেই ক্যালেব কিছুটা দিশেহারা হয়ে পড়েন। তবে জাস্টিন ধৈর্য হারাননি। চোখ বন্ধ করে নিঃশ্বাস আটকে রেখেছিলেন। উঠেই আবার ছুট! শেষ পযন্ত ১ মিনিট ১.১৭ সেকেন্ড সময় নিয়ে চ্যাম্পিয়ন হন তাঁরা। তাঁদের সবচেয়ে বড় প্রতিদ্বন্দ্বী ছিলেন তিনবারের বিশ্বজয়ী লিথুয়ানিয়ান দম্পতি। যাঁদের হারিয়ে ১৮ দেশের মধ্যে আমেরিকার পতাকা প্রথমবার উড়িয়েছেন ক্যালেব-জাস্টিন। জয়ের পর জাস্টিন হেসে বলেন, 'অনেক সময় এবং টাকা খরচ করে এসেছিলাম, ভাবছিলাম যদি কিছু না হয়! কিন্তু অবশেষে সব কষ্ট স্বার্থক হলো।' ক্যালেব বলেন, 'শেষ অবদি আমেরিকানরাও এই তালিকায় জায়গা করে নিতে পেরেছে। এটাই সবচেয়ে আনন্দের।' এই প্রতিযোগিতা অলিম্পিকে না হলেও এর সৌন্দর্য ও অভিনবতা একে নিয়ে গেছে ব্যতিক্রমী জনপ্রিয়তার এক জায়গায়। হয়তো পরেরবার তাঁদের পার্কে দেখা পেলে কেউ আর বলবে না, 'এটা তো অস্বাভাবিক।' কারণ এখন তাঁরা শুধু ব্যতিক্রম নন, তাঁরা বিশ্বচ্যাম্পিয়ন।

## যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে পাল্টা ৫০%

বৃহস্পতিবার (৭ আগস্ট) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বলেন, আমরা কেন ১৭ শতাংশে থেমে থাকবো? যদি তারা আমাদের পণ্যের ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপ করে, আমরাও তাদের পণ্যের ওপর ৫০ শতাংশ চাপাতে পারি। এটা হওয়া উচিত 'রেসিপ্রোকাল' বা পাল্টা পদক্ষেপ। থারুর জানান, ভারত-যুক্তরাষ্ট্রের মধ্যে প্রায় ৯০ বিলিয়ন ডলারের বাণিজ্য রয়েছে। সেই বাণিজ্যে যদি হঠাৎ করেই ৫০ শতাংশ শুল্ক চাপানো হয়, তবে তার প্রত্যক্ষ প্রভাব পড়বে উভয় দেশের বাজারে। জিনিসপত্রের দাম ৫০ শতাংশ বেড়ে গেলে মানুষ সেটা কেনার আগে ভাববে। তখন ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, বাংলাদেশ, পাকিস্তান কিংবা চীনের মতো প্রতিযোগীরা কম দামে পণ্য দিয়ে মার্কিন বাজার দখল করতে পারবে, বলেন ভারতীয় রাজনীতিবিদ। শশী থারুর আরও প্রশ্ন তোলেন, রাশিয়া থেকে তেল কেনার যুক্তি দেখিয়ে ভারতকে নিশানা করা হলেও চীন একই কাজ করেও বিশেষ ছাড় পেয়েছে। তিনি বলেন, চীন আমাদের চেয়ে প্রায় দ্বিগুণ পরিমাণ রুশ তেল কিনছে। অথচ তাদের ৯০ দিনের সময় দেওয়া হয়েছে, আর আমাদের মাত্র তিন সপ্তাহে (২১ দিনে) প্রস্তুত হতে বলা হয়েছে। এতে বোঝা যাচ্ছে, ওয়াশিংটনের কাছ থেকে কোনো গোপন বার্তা আসছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় ট্রাম্পের বাড়তি শুল্ককে 'অন্যায্য, অযৌক্তিক এবং অনুচিত' বলে আখ্যা দিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়েছে, আমরা আগেই স্পষ্ট করেছিড়ভারতের তেল আমদানি বাজারভিত্তিক এবং ১৪০ কোটির বেশি মানুষের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে। একই কাজ যখন অন্য দেশগুলো করছে, তখন শুধু ভারতকে লক্ষ্য করাটা দুর্ভাগ্যজনক।

## ঘানায় হেলিকপ্টার দুর্ঘটনায় দুই

কোনো খোঁজ না মেলায় উদ্বেগ ছড়িয়ে পড়ে। পরে নিশ্চিত হওয়া যায়, হেলিকপ্টারটি বিধ্বস্ত হয়েছে এবং এতে থাকা তিনজন ক্রু ও পাঁচজন যাত্রী- সবাই নিহত হয়েছেন। নিহতরা হলেন- এডওয়ার্ড ওমানে বোআমাহ, সদ্য নিযুক্ত প্রতিরক্ষা মন্ত্রী; ইব্রাহিম মুত্তাল্লা মুহাম্মদ, পরিবেশ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী; আলহাজি মুনিরু মোহাম্মদ, জাতীয় নিরাপত্তা বিভাগের উপ-সমন্বয়কারী এবং সাবেক কৃষিমন্ত্রী ;স্যামুয়েল সারপং, জাতীয় গণতান্ত্রিক কংগ্রেস (এনডিসি) দলের ভাইস চেয়ারম্যান এ ছাড়া বাকি তিনজন সামরিক সদস্য। ঘানার প্রেসিডেন্ট জন মাহামা এ দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন এবং জাতীয় পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন। এ ছাড়া সরকারি সব আনুষ্ঠানিক কর্মসূচিও বাতিল করা হয়েছে। এদিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হেলিকপ্টার দুর্ঘটনার কারণ অনুসন্ধানে তদন্ত শুরু করেছে। সূত্রঃ ফ্রান্স ২৪

## শেখ হাসিনা একদিন না একদিন

সেটা চাই। এটাই বর্তমান সরকারের অন্যতম সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি বলেন, আল-জাজিরার প্রতিবেদনে এসেছে এবং বিবিসি যে প্রতিবেদন করেছে সেখানে স্পষ্ট দেখা যাচ্ছে ওনার রোলটা কি ছিলো। কিভাবে মরণাস্ত্র ব্যবহার করতে আন্দোলনকারীদের খুন করার জন্য তিনি অর্ডার করছেন। এই বিষয়গুলো এখন সারা বিশ্ব জানে তিনি কি করেছেন। প্রেস সচিব বলেন, 'আমরা মনে করি এসব বিষয় যত সামনে আসবে, তার ওপর ততো বেশি চাপ তৈরি হবে। যাতে তাকে বাংলাদেশে ফিরিয়ে আনা হয়। আমরা আশা করি, একদিন না একদিন তিনি ফিরে আসবেন এবং এই বিচারের সম্মুখীন হবেন।'

## ইরানের নিরাপত্তার ওপর হুমকির জবাব হবে অকল্পনীয়: আইআরজিসি

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস (আইআরজিসি) হুঁশিয়ারি দিয়ে জানিয়েছে, দেশের নিরাপত্তার প্রতি যেকোনো হুমকি বা আগ্রাসনের জবাব হবে 'অকল্পনীয়' এবং তা হবে 'অপারেশন ট্রু প্রমিজ ৩'-এর চেয়েও কঠোর। সাম্প্রতিক এক বিবৃতিতে আইআরজিসি জানায়, "ইরানের নিরাপত্তার প্রতি যেকোনো হুমকির জবাবে শত্রুদের কল্পনার বাইরে কঠোর প্রতিক্রিয়া জানানো হবে। ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস দেশের সশস্ত্র বাহিনীর অন্যান্য শাখার সঙ্গে মিলে যুক্তরাষ্ট্র, ইসরাইল ও তাদের মিত্রদের বিরুদ্ধে যেকোনো সময় ও স্থানে পাল্টা জবাব দিতে প্রস্তুত।" উল্লেখ্য, গত ১৩ জুন ইসরাইল ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান শুরু করে এবং টানা ১২ দিন তেহরানের সামরিক, পারমাণবিক ও আবাসিক এলাকায় হামলা চালায়। এর জবাবে ২২ জুন ইরান তেল আবিবে শক্তিশালী পাল্টা হামলা চালায়। ওই দিনই যুক্তরাষ্ট্রও ইসরাইলের পক্ষে ইরানের নাতানজ, ফোরদো ও ইসফাহানস্থ পারমাণবিক স্থাপনায় হামলা চালায়। পাল্টা জবাবে আইআরজিসি'র অ্যারোস্পেস ফোর্স 'অপারেশন ট্রু প্রমিজ ৩'-এর আওতায় ইসরাইলে ২২টি ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে। এতে অধিকৃত শহরগুলোতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। একইসাথে ইরান কাতারের আল-উদেইদ মার্কিন বিমানঘাঁটিতেও একের পর এক ক্ষেপণাস্ত্র হামলা চালায়। চলমান উত্তেজনার মধ্যে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় গত ২৪ জুন ইরান ও ইসরাইলের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হয়। তবে সর্বশেষ আইআরজিসি'র বিবৃতি স্পষ্ট করছে, নিরাপত্তা নিয়ে কোনো আপস করবে না তেহরান।

## গাজা দখলে যেতে চান নেতানিয়াহু, সেনাবাহিনী ও জনগণের প্রবল বিরোধিতা

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ ২২ মাসের রক্তক্ষয়ী যুদ্ধ, ৬১ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত এবং গাজা উপত্যকা যখন দুর্ভিক্ষের দ্বারপ্রান্তেড়ঠিক এমন সময় ইসরাইলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ঘোষণা দিয়েছেন, তার সরকার গাজার পূর্ণ দখলে যেতে চায়। এই ঘোষণায় আন্তর্জাতিক অঙ্গন তো বটেই, নিজ দেশের ভেতরেই সমালোচনার ঝড় উঠেছে। বিরোধিতা করছেন ইসরাইলি সেনাপ্রধান, নিরাপত্তা বিশ্লেষক, সাবেক গোয়েন্দা কর্মকর্তাসহ সাধারণ জনগণ। ইসরাইলি গণমাধ্যমের খবরে বলা হয়, গত মঙ্গলবার শীর্ষ নিরাপত্তা কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে নেতানিয়াহু স্পষ্ট জানান, গাজার পূর্ণ নিয়ন্ত্রণ নিতে প্রস্তুত তার সরকার। এক জ্যেষ্ঠ কর্মকর্তার উদ্ধৃতি দিয়ে বলা হয়, "আমরা সিদ্ধান্ত নিয়ে ফেলেছি গাজার পুরো দখলেই যাচ্ছি।"

কিন্তু এ সিদ্ধান্তে জটিলতা রয়েছে। কারণ, গাজার ভেতরে এখনও অনেক ইসরাইলি বন্দি রয়েছে, যাদের ক্ষতির আশঙ্কা রয়েছে নতুন অভিযানে।

২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের নেতৃত্বে ইসরাইলের দক্ষিণাঞ্চলে চালানো হামলায় বহু ইসরাইলিকে বন্দি করা হয়। যুদ্ধের শুরু থেকেই তাদের উদ্ধারে অভিযান চালানো হলেও এখনও অনেকে মুক্ত হননি। কিংস কলেজ লন্ডনের রাজনৈতিক বিশ্লেষক এবং সাবেক ইসরাইলি সেনা কর্মকর্তা আহরন ব্রেগম্যান বলেন, "নেতানিয়াহু যুদ্ধ চালিয়ে যেতে চান, যাতে করে জোট সরকার ধরে রাখা যায় এবং তার বিরুদ্ধে চলমান দুর্নীতির বিচার প্রক্রিয়া দীর্ঘায়িত করা যায়।" বিশ্লেষকদের একাংশের মতে, এটি হয়তো হামাসকে আলোচনায় আনতে চাপ প্রয়োগের চেষ্টা। আবার কেউ বলছেন, এটি গাজা থেকে হামাসকে সম্পূর্ণ নির্মূলের প্রচেষ্টাড়আর লক্ষ্য গাজাবাসীর মনোবল ভেঙে তথাকথিত 'ঘনবসতিপূর্ণ ক্যাম্পে' সরিয়ে নেওয়া। নেতানিয়াহুর পরিকল্পনার বিরুদ্ধে অবস্থান নিয়েছেন ইসরাইলি সেনাবাহিনীর অনেক উচ্চপদস্থ কর্মকর্তা। এমনকি সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল আয়াল জমিরও গাজায় নতুন করে অভিযান চালানোর বিরুদ্ধে অবস্থান নিয়েছেন বলে গুঞ্জন রয়েছে। সেনাদের মধ্যেও দেখা দিয়েছে ব্যাপক ক্লান্তি, পোস্ট-ট্রমেটিক স্ট্রেস ডিসঅর্ডার (পিটিএসডি) এবং আগ্রহহীনতা। +৯৭২ ম্যাগাজিনের এক প্রতিবেদন অনুযায়ী, এপ্রিল মাসে ইসরাইলি সেনাসংকট দাঁড়ায় এক লাখের বেশি। মঙ্গলবার ৬০০-এর বেশি সাবেক ইসরাইলি নিরাপত্তা কর্মকর্তা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে একটি খোলা চিঠিতে যুদ্ধ বন্ধে হস্তক্ষেপের আহ্বান জানিয়েছেন। 'কমান্ডারস ফর ইসরায়েলস সিকিউরিটি (সিআইএস)' নামের সংগঠনটির ভাষ্য, হামাস এখন আর ইসরাইলের জন্য কৌশলগত হুমকি নয়। সাবেক শিন বেত প্রধান অ্যামি আয়োলন বলেন, "সামরিক দিক থেকে হামাস ধ্বংস হয়েছে, কিন্তু আদর্শিক দিক থেকে তারা আরও শক্তিশালী হয়ে উঠেছে ফিলিস্তিনি জনগণ, আরব বিশ্বের রাস্তায়, এমনকি গোটা মুসলিম বিশ্বে।" যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক নিরাপত্তা প্রতিষ্ঠান গ্লোবাল গার্ডিয়ান-এর সাবেক কর্নেল সেথ ক্রুমরিচ বলেন, "গাজা পুরোপুরি দখলে রাখা অবাস্তব। এতে বিপুল সেনা ও সম্পদের প্রয়োজন হবে। ইসরাইলি সমাজ এই পর্যায়ের অভিযান সমর্থন করবে না।" নেতানিয়াহুর বিরুদ্ধে জনরোষও বাড়ছে সম্প্রতি ইসরাইলের চ্যানেল ১২-এর এক জরিপে দেখা গেছে, অধিকাংশ মানুষ মনে করেন নেতানিয়াহু যুদ্ধ জেতার চেয়ে ক্ষমতায় থাকার চিন্তায় বেশি ব্যস্ত। চ্যাথাম হাউসের অধ্যাপক ইয়োসি মেকেলবার্গের ভাষায়, "নেতানিয়াহু এখন বাস্তবতা থেকে বিচ্ছিন্ন। বিবেকবান কেউ হলে এত প্রাণহানি ও ধ্বংসের পর নিজ থেকেই পদত্যাগ করতেন।"

## ট্রাম্পের শুল্কের তোয়াক্কা করে না ভারত

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত জরিমানা শুল্কের তোয়াক্কা না করে রাশিয়ার সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক জোরদারে এগিয়ে চলেছে ভারত। এই প্রেক্ষাপটে ৬ আগস্ট অনুষ্ঠিত ভারত-রাশিয়া আধুনিকীকরণ ও শিল্প সহযোগিতা বিষয়ক ওয়ার্কিং গ্রুপের ১১তম অধিবেশনে একাধিক খাতে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (গড়ট) স্বাক্ষর করে দুই দেশ। অ্যালুমিনিয়াম, সার, রেলপথ এবং খনি প্রযুক্তিতে পারস্পরিক সহযোগিতাকে আরও গভীর করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এই চুক্তিতে। রেয়ার আর্থ খনিজ পদার্থ নিয়েও যৌথ উন্নয়নের সম্ভাবনা নিয়ে আলোচনা হয়েছে। রাশিয়ার সঙ্গে এমন সময়ে এই চুক্তি স্বাক্ষরিত হলো, যখন ভারত থেকে তেল আমদানির কারণে ওয়াশিংটন ভারতের ওপর শুল্ক আরোপ করেছে এবং ভারতীয় পণ্যের ওপর আমদানি শুল্ক বাড়িয়ে ৫০ শতাংশে উন্নীত করেছে যুক্তরাষ্ট্র। ভারত এই শুল্ক বৃদ্ধিকে 'অন্যায়, অন্যায্য ও অযৌক্তিক' বলে কড়া প্রতিক্রিয়া জানিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, "জাতীয় স্বার্থ রক্ষায় ভারত যা কিছু প্রয়োজন তাই করবে। কোনও চাপের কৌশলের কাছে ভারত মাথা নত করবে না।" এদিকে, রাশিয়াও ট্রাম্পের শুল্ক নীতির বিরুদ্ধে ভারতের পাশে দাঁড়িয়েছে। ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ এক বিবৃতিতে বলেন, "আমরা বিভিন্ন দেশের ওপর চাপ সৃষ্টির চেষ্টা দেখতে পাচ্ছি, যাতে তারা রাশিয়ার সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক ছিন্ন করে। এ ধরনের হুমকি আন্তর্জাতিক বাণিজ্যের নীতিমালার পরিপন্থী।" ভারতের বিভিন্ন রাজনৈতিক দল ট্রাম্পের এই 'দ্বিচারিতা' নীতির সমালোচনা করেছে।

## ফিরে আসতে চান অরুণা বিশ্বাস

বিনোদন ডেস্ক

ঢালিউডের আলোচিত অভিনেত্রী অরুণা বিশ্বাস। দেশের রাজনৈতিক পট পরিবর্তনের আগে সরব ছিলেন দেশের শোবিজ অঙ্গনে; নিয়মিত ছিলেন অভিনয়ে, শোবিজের বিভিন্ন অনুষ্ঠানেও যোগ দিতেন। কিন্তু বর্তমান পরিস্থিতি বিবেচনায় একরকম গা ঢাকা অবস্থায় অরুণা বিশ্বাস। এমন সময়ে স্বাভাবিক জীবনে ফেরার ইঙ্গিত দিলেন এই অভিনেত্রী।

মূলত, জুলাই আন্দোলন ঘিরে জোর বিতর্কে জড়ান অরুণা বিশ্বাস। কারণ, আওয়ামীপন্থি শিল্পী কলাকুশলীদের মধ্যে অন্যতম ছিলেন এই অভিনেত্রী। জুলাই আন্দোলনের সময় ছাত্রদের দমাতে 'আলো আসবেই' নামের একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলা হয়, যেখানে যুক্ত ছিলেন অরুণা বিশ্বাস। আর সেখানে তার পরামর্শ ছিলো, ছাত্রদের ওপর গরম পানি ছেটানোর। এসব কথার স্ক্রিনশট ভাইরাল হলে তীব্র সমালোচনার সৃষ্টি হয় অভিনেত্রীকে ঘিরে।

এরপর দেশের পট পরিবর্তন হলে গোপনে কানাডা পাড়ি দেন অরুণা বিশ্বাস- এমন খবর মেলে। এখন পর্যন্ত সেখানেই অবস্থান করছেন বিতর্কিত এই অভিনেত্রী। তবে তার সাম্প্রতিক একটি পোস্ট জন্ম দিলো তার স্বাভাবিক জীবনে ফেরার ইঙ্গিত; সঙ্গে সৃষ্টি করেছে নানা জল্পনারও।

বৃহস্পতিবার এক ফেসবুক পোস্টে অরুণা বিশ্বাস লেখেন, 'অপ্রত্যাশিত ভালোবাসায় ভেসে যাই মাঝে মাঝেই। আজ মুভি দেখা শেষ করে মেট্রোতে বাসায় ফিরছিলাম, সাথে আমার এক আত্মীয় ছিলেন। আমরা চুটিয়ে গল্প করছিলাম। কিছুক্ষণ পর হঠাৎ দুটি মেয়ে আমাকে ইংরেজিতে অনেক প্রশ্ন করছিলো। ট্রেনের শব্দ, মানুষের হাসাহাসি, কথা সব মিলিয়ে আমরা ঠিক বুঝতে সময় নিয়েছিলাম। বাচ্চা মেয়ে দুটো আসলে বাঙালি এটা ভাবিনি  বা মনে হয়নি।'

অরুণা বিশ্বাস লেখেন, 'ইংরেজিতে বলছিলো "আমরা তোমাকে চিনি, তুমি বাংলাদেশের সেলিব্রিটি তোমার মুভি দেখেছি অনেক। যখন ছোটবেলায় মা দুপুরে আমাদের রেষ্ট নিতে পাঠিয়ে বাংলাদেশের মুভি দেখতো, আমিও লুকিয়ে  লুকিয়ে  দেখতাম। আপনাকে এখানে দেখেই কেমন যেনো চেনা চেনা লাগছিলো। আমরা দুই বেষ্ট ফ্রেন্ড গুগলে আপনাকে মিলিয়ে আমরা আনন্দে আত্মহারা। আপনি এখনো এতো প্রিটি কিভাবে?" আসলে এমন অভিজ্ঞতা হয়তো কমবেশি সব সেলিব্রিটিদেরই হয়। আমারো বহুবার হয়েছে। আজকে ওরা যেভাবে চিৎকার করছিলো। মেট্রোর সবাই দেখছিলো, ছবি তোলা আর সবাই অবাক হয়ে তাকাচ্ছিলো।'

সবশেষ অরুণা লেখেন, 'আমার কতো যে আনন্দ হচ্ছিলো। নিজেকে সম্মানিত মনে হচ্ছিলো। আর মনে হলো আবার ফিরতে হবে আমার জায়গায়, যে জায়গা একান্তই আমার। মানুষের ভালোবাসা, আর ভালোবাসা। আমার ছোট ছোট পাওয়া অনেক পাওয়ার মতো।'

জানা গেছে, বহু বছর আগে থেকেই তিনি কানাডার নাগরিকত্ব পেয়েছেন। সেখানে শুধু তিনি একাই নন, তার মা, ছেলে, ভাই ও তার পরিবার স্থায়ীভাবে বসবাস করেন। কানাডা থাকলেও দেশ এবং দেশের শোবিজের খোজ-খবর নিয়মিত রাখেন অরুণা বিশ্বাস।



আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ।
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ),বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম) সিএমইউ (আল্ট্রা), সহকারী রেজিস্টার, কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল। রোগী দেখেনঃ প্রতি সোমবার দুপুর ২.৩০ টাথেকে বিকাল ৫ টা পর্যন্ত
ডাঃ সাজিয়া আফরিন(সিমি)
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন।
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী। রোগী দেখেন। প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত ও প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকেরাত ৮ টা পর্যন্ত।
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি.
ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষতও পি আর পিচিকিৎসা দেওয়া হয়
রোগী দেখার সময়ঃ শনি-বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথাবিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভূরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতাজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ৮ আগষ্ট ২০২৫ ইং

## বিভাজনের বারুদের উপর মেহেরপুর বিএনপি

ঐতিহাসিক জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবসকে কেন্দ্র করে মেহেরপুর জেলা বিএনপির অভ্যন্তরীণ দ্বন্দ্ব আবারও দৃশ্যমান হলো। একই দিবস উপলক্ষে দলের দুই অংশ ভুক্ত নেতৃবৃন্দ পৃথক পৃথক মিছিল ও সমাবেশের আয়োজন করে। রাজনৈতিক কর্মসূচি পালন করতে গিয়ে দলীয় ঐক্যের অভাব স্পষ্ট হয়ে উঠেছে, যা ভবিষ্যতের জন্য অশনিসংকেত বলেই বিবেচিত। গত ৬ আগস্ট (বুধবার) বিকেল সাড়ে ৫টায় জেলা আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে একদল নেতাকর্মী সরকারি কলেজ এলাকা থেকে মিছিল শুরু করে। অপরদিকে, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে অপর মিছিলটি পন্ডেরঘাট এলাকা থেকে যাত্রা শুরু করে। দুটি মিছিল আলাদা স্থান থেকে শুরু হলেও, শেষ পর্যন্ত শহরের মহিলা কলেজ মোড়ে মুখোমুখি অবস্থানে এসে পড়ে। মাত্র কয়েক গজ দূরত্বে অবস্থান নেয় দুই পক্ষের নেতাকর্মীরা, যা মুহূর্তেই উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি করে। উত্তেজনার সময় দুই পক্ষই একে অপরকে উদ্দেশ্য করে হাততালি ও স্লোগান দিতে থাকে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খানের নেতৃত্বে পুলিশ সদস্যরা দ্রুত হস্তক্ষেপ করেন। তবে সবচেয়ে প্রশংস-নীয় ভূমিকা রাখেন মাসুদ অরুন, যিনি উপস্থিত হয়ে নিজ দলের কর্মীদের শান্ত থাকার আহ্বান জানান। তার হস্তক্ষেপেই বড় ধরনের অপ্রীতিকর ঘটনা এড়ানো সম্ভব হয়। এই ঘটনা স্থানীয় রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। দুইটি মিছিলেই দলীয় ও অঙ্গসংগঠনের শীর্ষস্থানীয় নেতাদের উপস্থিতি ছিল লক্ষণীয়, যা বিভক্ত অবস্থানকে আরও জোরালোভাবে তুলে ধরে। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকদের মতে, মেহেরপুর জেলা বিএনপির অভ্যন্তরীণ বিভাজন এখন আর চাপা নেই এটি প্রকাশ্য বাস্তবতা। কেন্দ্রীয় নেতৃত্বের সুস্পষ্ট দিকনির্দেশনার অভাবে একাধিক গ্রুপ সক্রিয় হয়ে উঠেছে। একই কর্মসূচিতে পৃথক পৃথক আয়োজন জনমনে বিভ্রান্তি ও দলের ভাবমূর্তিতে নেতিবাচক প্রভাব ফেলছে। বিএনপির মতো একটি বড় রাজনৈতিক দলের জন্য এমন দ্বন্দ্ব স্বাভাবিক নয়। মাঠের রাজনীতিতে সংগঠনকে শক্তিশালী ও ঐক্যবদ্ধ রাখাই যেখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ, সেখানে নেতৃত্বের দ্বৈততা ও সমন্বয়হীনতা দলীয় কাঠামোকে আরও দুর্বল করে তুলছে। অতএব, এখনই সময় কেন্দ্রীয় নেতৃত্বকে কার্যকরভাবে হস্তক্ষেপ করে বিভাজন নিরসনে উদ্যোগ নেওয়ার। না হলে সামনে বিএনপিকে আরও তীব্র বিভ্রান্তি ও সংঘাতের মুখে পড়তে হতে পারে।

## বিশেষ সহকারী মনির হায়দার

হিসেবে শুক্রবার রাত ৮টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত "জুলাই গণঅভ্যর্থনা পরবর্তী মেহেরপুর: আজ ও আগামীকাল" শীর্ষক সুধী সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন মনির হায়দার। পরদিন শনিবার (৯ আগস্ট) সকাল ৯টায় তিনি মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। সেখানে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থী, উচ্চশিক্ষায় সাফল্য অর্জনকারী এবং বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে সম্মাননা প্রদান করা হবে। এছাড়া শনিবার দুপুর ১২টায় জেলা প্রশাসকের কার্যালয়ে সরকার স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান, ক্রীড়া ক্লাব ও সংগঠনসমূহের মাঝে ক্রীড়া অধিদপ্তরের ক্রীড়া সামগ্রী বিতরণ অনুষ্ঠানেও প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন তিনি।

সফরের শেষ কর্মসূচি হিসেবে শনিবার বিকাল ৩টায় গাংনী মিনি স্টেডিয়ামে "জুলাই অভ্যর্থনা ফুটবল প্রতিযোগিতা ২০২৫"-এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মনির হায়দার। অনুষ্ঠান শেষে বিকেল ৫টায় তিনি ঢাকার উদ্দেশে মেহেরপুর ত্যাগ করবেন।

সরকারের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব নেওয়ার পর থেকেই মেহেরপুরের সন্তান মনির হায়দার জেলার উন্নয়নে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছেন। তাঁর অগ্রাধিকার তালিকায় রয়েছে মেহেরপুর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, যার সেশন শুরু এবং জমি অধিগ্রহণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়া, মেহেরপুর জেনারেল হাসপাতালের বিভিন্ন সমস্যা সমাধান, স্বাস্থ্যসেবার মানোন্নয়ন, কৃষির টেকসই উন্নয়ন, মেহেরপুর টিটিসিকে (কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র) আধুনিকীকরণ, কৃষি গবেষণা ইনস্টিটিউট পুনরায় চালু, এবং তরুণদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ব্যস্ত সময়সূচি থাকা সত্ত্বেও তিনি প্রতি শুক্রবার মেহেরপুরে থাকার চেষ্টা করেন এবং এলাকার মানুষের সমস্যা শুনে তা বাস্তবায়নের জন্য প্রশাসনিক সভার মাধ্যমে করণীয় নির্ধারণ করেন। স্বল্প সময়েই মেহেরপুরবাসীর কাছে একজন নিবেদিতপ্রাণ উন্নয়নকর্মী হিসেবে পরিচিত হয়ে উঠেছেন মনির হায়দার।

## প্রধান উপদেষ্টা

সিদ্ধান্ত নেয়া হয়েছে উপদেষ্টা পরিষদের বৈঠকে। এর আগে সকালে প্রধান উপদেষ্টার সভাপতিত্বে সচিবালয়ে উপদেষ্টা পরিষদের নিয়মিত বৈঠক অনুষ্ঠিত হয়। উপদেষ্টাদের পাশাপাশি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবরাও বৈঠকে অংশ নেন। বৈঠকে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রস্তাবিত কয়েকটি নির্ধারিত বিষয়ের ওপর আলোচনা অনুষ্ঠিত হয়।

## গাংনীতে মাদকসহ ৫ জন গ্রেফতার

বাবুল আলী (১৭), মোঃ রফিকুল ইসলামের ছেলে মোঃ লিটন আলী (৩০), তেরাইল গ্রামের মৃত ইউনুস আলীর ছেলে মোঃ আবু সায়াম। অভিযানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব আনোয়ার হোসেন। তিনি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে আটককৃতদের বিভিন্ন মেয়াদের সাজা ও জরিমানা প্রদান করেন। পরে তাদের জেলহাজতে পাঠানো হয়। অন্যদিকে, গাংনী থানার নিয়মিত মাদক মামলায় রামনগর খা পাড়ার মোঃ ফজলু শাহার ছেলে মোঃ মিলন হোসেন (৩৬) কে গ্রেফতার করা হয়। তার কাছ থেকে ১.৫ গ্রাম ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা রুজু করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ দমনে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে মেহেরপুর জেলা পুলিশ।

## একাধিক আসামির সাজা

খালাস : সি.আর নম্বর ৪৫/২৩ (মুজিবনগর) মামলায় বসতবাড়ির সীমানা প্রাচীর নিয়ে বিরোধের জেরে মোঃ মোসলেম আলী ও তার স্ত্রী মোছাঃ তাসলিমা খাতুন বাদীর ওপর হামলা চালান বলে অভিযোগ ওঠে। মামলার শুনানিতে মোঃ মোসলেম আলীর বিরুদ্ধে দণ্ডবিধি ৩২৩ ধারায় অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ১ বছরের কারাদণ্ড ও ১,০০০ টাকা অর্থদণ্ড অনাদায়ে ১৫ দিনের অতিরিক্ত সাজা প্রদান করা হয়েছে (যা প্রবেশনে থাকবে)। অপরদিকে, তার স্ত্রী তাসলিমা খাতুনকে আদালত খালাস প্রদান করেন।

জাল রীট আদেশ দেখিয়ে জমি দখলের চেষ্টায় ৫ বছরের সাজা জি.আর নম্বর ১৩২/১৬ (মুজিবনগর) মামলায়, বাহারুল ইসলাম নামে একজন পলাতক আসামির বিরুদ্ধে জমির মালিকানা দাবিতে হাইকোর্টের জাল রীট আদেশ দেখিয়ে জমির বাঁশ কেটে নেওয়ার অভিযোগ ওঠে। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি ৪৬৬ ধারায় তাকে ৫ বছরের কারাদণ্ড এবং ৫,০০০ টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ১৫ দিনের সাজা প্রদান করা হয়েছে। মামলার অন্য সকল আসামিকে খালাস প্রদান করা হয়েছে।

## গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আন্ত

হলো: মেহেরপুর সদর উপজেলা "এ" দল, মেহেরপুর সদর উপজেলা "বি" দল, মুজিবনগর উপজেলা দল ও গাংনী উপজেলা দল। টুর্নামেন্ট সফল করার লক্ষ্যে গতকাল বৃহস্পতিবার (৭ আগস্ট) সকালে জেলা ক্রীড়া সংস্থার সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব ও জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ। সভায় আরও উপস্থিত ছিলেন সংস্থার সদস্য মিজানুর রহমান, আসাদুর রহমান লিটন, তামিম হোসেন, সাইদুর রহমান জিকো এবং ফুটবল কোচ আব্দুল মালেক।

টুর্নামেন্টের সূচি অনুযায়ী, আগামী ১০ আগস্ট মেহেরপুর সদর "এ" দল মুখোমুখি হবে মুজিবনগর উপজেলা দলের। একই দিনে "বি" দল খেলবে গাংনী উপজেলা দলের বিপক্ষে। উভয় সেমিফাইনালের বিজয়ী দল দুটি ১১ আগস্ট ফাইনাল খেলায় মুখোমুখি হবে।

## পলিব্যাগকে না বলার সময় এখনই

মিজানুর রহমান অপু

দশ টাকায় এক মুঠো শাক থেকে শুরু করে হাজার টাকার কেনাকাটায় পলিব্যাগ আমাদের হাতে ধরিয়ে দেওয়া হয়। বহন ও ব্যবহার সহজ হওয়ার কারণে আমরা খুশি মনে তা গ্রহণ করি, কিন্তু কখনো ভাবি না, এই পলিব্যাগগুলো পরে কোথায় যাবে? আমাদের আশেপাশের ডাস্টবিনে, কিংবা রাস্তার ধারে, বাড়ির আনাচে-কানাচে ফেলে দেওয়া হয় এই ক্ষতিকর প্লাস্টিক। এটাই অধিকাংশের স্মৃতিতে থাকে; এর পরিপ্রেক্ষিত ও দীর্ঘমেয়াদি প্রভাব সম্পর্কে সচেতন আমরা খুব কমই। পলিথিন মাটিতে মিশে যেতে লাগে ২০০ থেকে ৪০০ বছর। এই দীর্ঘস্থায়ী উপাদান আমাদের রিবেশকে বিপর্যস্ত করছে। মাটির গুণগতমান নষ্ট হচ্ছে, জলাশয় দূষিত হচ্ছে, প্রাণীজগত বিপন্ন হচ্ছে। বিশ্বব্যাপী প্লাস্টিক দূষণে বাংলাদেশ দশ নম্বরে রয়েছে, যা অত্যন্ত উদ্বেগজনক। সুতরাং, পরিবেশ রক্ষায় কঠোর পদক্ষেপ নেওয়া অপরিহার্য। ১ অক্টোবর থেকে বাংলাদেশে সুপারশপ গুলোতে পলিথিন শপিং ব্যাগ নিষিদ্ধ করার ঘোষণা পরিবেশ রক্ষার বড় পদক্ষেপ। বিকল্প হিসেবে পাট ও বস্ত্রের ব্যাগ ব্যবহারের উদ্যোগ নেয়া হয়েছে, যা যুগোপযোগী ও পরিবেশবান্ধব। সরকারি ও বেসরকারি স্তরে এই পরিবর্তনে তরুণ ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হবে, যাতে সচেতনতা দ্রুত ছড়িয়ে পড়ে।২০০২ সালে পলিথিন নিষিদ্ধের চেষ্টা হয়েছিল, কিন্তু বাস্তবে তা সফল হয়নি। তাই এবার প্রয়োজন কেবল নিষেধাজ্ঞা নয়, সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ব্যবহার কমানো। পাট থেকে তৈরি নতুন ধরনের শপিং ব্যাগ ইতোমধ্যে বিজ্ঞানীরা উদ্ভাবন করেছেন, যা পলিথিনের বিকল্প হতে পারে। জনগণের মানসিকতা বদলাতে হবে, নিজেই নিজের জন্য ব্যাগ নিয়ে বাজারে যেতে হবে। পরিবেশ রক্ষায় আমাদের সম্মিলিত প্রচেষ্টা ছাড়া সফলতা সম্ভব নয়। শিক্ষাপ্রতিষ্ঠানে থেকে শুরু করে সমাজের প্রতিটি স্তরে পরিবেশ সচেতনতা বৃদ্ধি করতে হবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুস্থ ও নিরাপদ পরিবেশ রেখে যাওয়া আমাদের কর্তব্য। এখন সময় এসেছে পলিব্যাগকে বিদায় জানানোর। 'না' বলুন পলিব্যাগকে, গড়ুন সবুজ ও পরিচ্ছন্ন পরিবেশ। ( লেখক : সাংবাদিক)



# গীবত: এক জঘন্য অপরাধ ও তার ভয়াবহ শাস্তি

হুমায়ুন কবির মুহিউদ্দিন

সমাজে নানা ধরনের পাপ-অপরাধ থাকলেও গীবত বা পরচর্চা তার মধ্যে অন্যতম ভয়াবহ এবং নিষিদ্ধ। কিন্তু আমরা সচেতন না হয়ে এর গুরুত্ব ও ক্ষতি সম্পর্কে অবগত হই না। অনেক সময় গীবতকে শুধু হালকা কথাবার্তা মনে করি কিংবা অজান্তে এর মধ্যে জড়িয়ে পড়ি। অথচ গীবতকে ইসলামে এমন একটি গুরুতর অপরাধ হিসেবে বিবেচনা করা হয়েছে, যা মানুষের মর্যাদা ক্ষুণ্ন করে এবং ব্যক্তি ও সমাজ উভয়ের জন্যই ক্ষতিকর।

পবিত্র কুরআনে মহান আল্লাহ তায়ালা স্পষ্ট নির্দেশ দিয়েছেন, 'তোমরা একে অপরের গীবত করবে না। তোমরা কি তোমার মৃত ভাইয়ের গোশত খেতে পছন্দ করবে?' (সূরা হুজুরাত: ১২)। এখানে গীবতকে মৃত ব্যক্তির গোশত খাওয়ার সঙ্গে তুলনা করা হয়েছে, যা সর্বোচ্চ ঘৃণ্য ও অবর্ণনীয় একটি কাজ। এর মাধ্যমে আমাদের বোঝানো হয়েছে গীবত কতটা নিন্দনীয় ও নিষিদ্ধ। রাসুলুল্লাহ (সা.) গীবতের সংজ্ঞাও দিয়েছেন। তিনি বললেন, 'গীবত হলো তোমার ভাই সম্পর্কে এমন আলোচনা করা যা সে শুনলে অপছন্দ করবে, যদিও তা সত্যি হয়। যদি তা সত্য না হয়, তবে সেটি মিথ্যা অপবাদ' (মুসলিম, হাদিস: ৩২২)। অর্থাৎ গীবত শুধু সত্যিকারের দোষ আলোচনা করা নয়, মিথ্যা কথা বলাও গীবতের চেয়েও গুরুতর পাপ। গীবত শুধু কথায় সীমাবদ্ধ নয়; চোখের ইশারা, ভ্রু উত্তোলন, শরীরের ভাষা এমনকি হাতের হেলাফেলা দিয়ে গীবত প্রকাশ হতে পারে। গীবত মূলত কারো অনুপস্থিতিতে তার দোষ-ত্রুটি আলোচনা, যা তাকে আঘাত দেয় এবং সামাজিক সম্মানহানির কারণ হয়।

হাদিসে আরও বর্ণিত হয়েছে যে গীবতকারীরা কিয়ামতে এমন কঠিন শাস্তির মুখোমুখি হবে যে তারা নিজেদের শরীর ক্ষতবিক্ষত করবে (মুসনাদে আহমদ: ১১৫)। এই ভয়াবহ শাস্তি তাদের প্রতি আল্লাহর রাগ ও বিচারের প্রতিফলন। গীবতকারীদের জন্য কাফফারা হলো দোষারোপিত ব্যক্তির কাছে ক্ষমা প্রার্থনা করা। যদি গীবত প্রাপ্ত ব্যক্তি মৃত্যুবরণ করে থাকে বা এ বিষয়ে অবগত না হয়, তবে আল্লাহর কাছে তওবা ও ইসতিগফার করা আবশ্যক। ক্ষমা না পাওয়া পর্যন্ত তওবা গ্রহণযোগ্য হবে না, কারণ গীবত হলো অন্যের অধিকার লঙ্ঘন। সমাজের শান্তি ও একতার জন্য গীবত ত্যাগ অপরিহার্য। গীবত মানুষকে বিচ্ছিন্ন করে, সম্পর্কের দূরত্ব সৃষ্টি করে এবং সমাজে অস্থিরতা বৃদ্ধি করে। ইসলামে তাই গীবত থেকে বিরত থাকার তাগিদ দেয়ার সঙ্গে অন্যের গুণাবলী প্রশংসার আহ্বানও রয়েছে। আমাদের প্রত্যেককে গীবত থেকে বিরত থেকে সৎ ও সম্মানজনক চরিত্র ধারণ করতে হবে। আল্লাহ তায়ালা যেন আমাদের সবাইকে এই ভয়াবহ গুনাহ থেকে রক্ষা করেন এবং সুন্দর চরিত্র গড়ে তোলার তৌফিক দিন, এ প্রার্থনা করছি। আমীন।

## গোভীপুর দাখিল মাদ্রাসায়

সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদ্রাসার সুপার রমজান আলী, সহকারী শিক্ষক রফিকুল ইসলাম, কাবীরুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে বক্তারা বলেন, "বর্তমান প্রেক্ষাপটে গাছ শুধু পরিবেশ রক্ষার উপায় নয়, এটি আগামী প্রজন্মের জন্য একটি নিরাপদ ভবিষ্যতের নিশ্চয়তাও বটে। শিক্ষার্থীদের মাঝে গাছের প্রতি ভালোবাসা ও দায়িত্ববোধ তৈরি করতেই এই উদ্যোগ।" পরে শিক্ষার্থীদের হাতে বিভিন্ন প্রজাতির গাছের চারা তুলে দেওয়া হয়। এর মধ্যে ছিল আম, জাম, কাঁঠাল, লিচু, মেহগনি ও শিশু গাছের চারা। প্রায় ২০০ শিক্ষার্থী এ কর্মসূচির মাধ্যমে উপকৃত হন।

চারা হাতে পেয়ে শিক্ষার্থীদের মধ্যে ছিল আনন্দ ও উৎসাহের ছাপ। নবম শ্রেণির শিক্ষার্থী রাব্বি হাসান বলেন, "আমি নিজ হাতে গাছ লাগাব এবং নিয়মিত পরিচর্যা করব। আমাদের বিদ্যালয়কে আরও সবুজ করে তুলব।" উল্লেখ্য, খালিদ সাইফুল ইসলাম এর আগেও বিভিন্ন সামাজিক ও শিক্ষামূলক কর্মকাণ্ডে যুক্ত থেকে দৃষ্টান্ত স্থাপন করেছেন। ভবিষ্যতেও তিনি এই ধরনের সবুজ উদ্যোগ অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন।

## দর্শনা সীমান্তে ২১টি স্বর্ণের বারসহ

স্বর্ণের বাজারমূল্য প্রায় ৩ কোটি ৬০ লাখ টাকা

অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান জানান, গোপন সংবাদের ভিত্তিতে ইশ্বরচন্দ্রপুর সীমান্ত এলাকায় বিজিবি সদস্যরা অবস্থান নেন। দুপুরে একটি মোটরসাইকেলে দুইজন সন্দেহভাজন ব্যক্তি সীমান্তের দিকে যেতে দেখা গেলে বিজিবি সদস্যরা তাদের থামার নির্দেশ দেন। এ সময় একজন পালিয়ে গেলেও অপরজন পার্শ্ববর্তী একটি পুকুরে লাফ দেন। পরে তাকে সেখান থেকে আটক করা হয়।

আটকের সময় তার শরীর তল্লাশি করে স্কচটেপ মোড়ানো একটি প্যাকেট এবং পুকুরে ছুড়ে ফেলা আরও একটি প্যাকেট উদ্ধার করা হয়। প্যাকেট দুটি খুলে ভেতরে থাকা ২৪৪৯ গ্রাম ওজনের ২১টি স্বর্ণের বার উদ্ধার করা হয়, যার বাজারমূল্য প্রায় ৩ কোটি ৬০ লাখ টাকা। এছাড়া তার কাছ থেকে দুটি মোবাইল ফোন ও নগদ ২০২ টাকা জব্দ করা হয়। বিজিবির দাবি অনুযায়ী, জব্দকৃত স্বর্ণের আনুমানিক মূল্য ৩ কোটি ৬০ লাখ ৪০ হাজার ৮৯০ টাকা। এ ঘটনায় ৬ বিজিবির নায়েক মো. জাহাঙ্গীর আলম দর্শনা থানায় একটি মামলা দায়ের করেছেন। আটককৃত আসামিকে পুলিশের কাছে হস্তান্তর এবং জব্দ স্বর্ণ চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

## রিজভী

কলেজে বিমান দুর্ঘটনায় নিহত মাসুমা বেগমের পরিবারের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। এনসিপির ওই নেতাদের উদ্দেশে রুহুল কবির রিজভী বলেন, এই গণঅভ্যুত্থানে আপনারা নেতৃত্ব দিয়েছেন। আপনারা সেখানে অংশগ্রহণ করেছেন। জনগণ চায়, গণতন্ত্র ফেরানোর আন্দোলনে যারা কাজ করেছে, তাদের প্রত্যেকটি ক্ষেত্রে স্বচ্ছতা থাকবে। আজকে কেন আপনারা সুযোগ তৈরি করে দিচ্ছেন? কেন আপনাদের নিয়ে বিভিন্ন কথা উঠছে? আপনারা যে কোনো কাজেই যেতে পারেন, যে কারও সঙ্গেই সাক্ষাৎ করতে পারেন। ওটা প্রকাশ্যে জানিয়ে দিন। তাহলে তো আর কোনো প্রশ্ন আসে না। লুকোচুরি করলে তো মানুষ নানা ষড়যন্ত্র খুঁজবে। এখান থেকে নানা কাহিনী রচিত হবে। ফেব্রুয়ারিতে নির্বাচন দিয়ে অন্তর্বর্তী সরকার জনগণের দাবি ও আকাঙ্খা পূরণ করেছে মন্তব্য করে তিনি বলেন, নির্বাচন কমিশনে প্রধান উপদেষ্টা চিঠি দেয়ায় প্রস্তুতি শুরু হয়ে গেছে। অন্তর্বর্তী সরকারের কাছে দেশের জনগণ একটি স্বচ্ছ ও সুষ্ঠু নির্বাচন আশা করে। ভোট নিরপেক্ষ হতে সকল ধরনের সার্বিক সহযোগিতার করবে বিএনপি। এসময় উপস্থিত ছিলেন 'আমরা বিএনপি পরিবার'-এর উপদেষ্টা ইঞ্জিনিয়ার আশরাফ উদ্দিন বকুল, উপদেষ্টা আবুল কাশেম, সদস্য সচিব কৃষিবিদ মোকছেদুল মোমিন মিথুন, সদস্য মাসুদ রানা লিটন, মুস্তাকিম বিল্লাহ, শাকিল আহমেদ, ফরহাদ আলী সজীব প্রমুখ।

## কুষ্টিয়ায় 'মেধা'র উদ্যোগে গণিত

একাডেমি মিলনায়তনে আয়োজিত এ প্রতিযোগিতায় অংশ নেয় কুষ্টিয়ার ১৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের শতাধিক শিক্ষার্থী। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুকুল কুমার মৈত্র। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মুরাদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেধা কুষ্টিয়ার সভাপতি ইঞ্জিনিয়ার খন্দকার সালাউদ্দিন। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা। বক্তারা বলেন, "শিক্ষার্থীদের মধ্যে গণিতভীতি দূর করতে এমন আয়োজন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের সৃজনশীল উদ্যোগ শিক্ষার্থীদের মেধা বিকাশে সহায়ক ভূমিকা রাখবে।"

তারা মেধার এই কার্যক্রমকে সাধুবাদ জানিয়ে ভবিষ্যতেও এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখার আহ্বান জানান।

## 'জুলাই ঘোষণাপত্রে গণমানুষের

ঘোষণাপত্রে দীর্ঘ লড়াই-সংগ্রামের কথা বলা হলেও ১৯৪৭ সালের স্বাধীনতাকে উপেক্ষা করা হয়েছে। এতে পিলখানা হত্যাকাণ্ড, শাপলা চত্বরের হত্যাকাণ্ড এবং ২৮ অক্টোবরের হত্যাকাণ্ডের মতো গুরুত্বপূর্ণ ঘটনার উল্লেখ নেই। তিনি বলেন, অনতিবিলম্বে জুলাই ঘোষণাপত্রে জনআকাঙ্ক্ষার অপরিহার্য বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে। একই সঙ্গে অতীতের দৃষ্টান্ত অনুসরণ করে অবিলম্বে জুলাই সনদ বর্তমান সরকারকেই বাস্তবায়ন করতে হবে। গুরুত্বপূর্ণ বিষয়গুলো সংস্কার এবং হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করে জুলাই সনদের ভিত্তিতে অবাধ, সুষ্ঠু ও লেভেল প্লেয়িং ফিল্ডের মাধ্যমে গ্রহণযোগ্য নির্বাচনের ব্যবস্থা করার আহ্বান জানান তিনি । নজরুল ইসলাম জুলাই অভ্যুত্থানের শহীদদের আত্মত্যাগের কথা স্মরণ করে বলেন, শহীদ আবু সাঈদের রক্তদানের মধ্য দিয়ে ফ্যাসিবাদী সরকারের পতন যাত্রা শুরু হয়েছিল। তার শাহাদাত হাজারও মানুষকে নিপীড়নের বিরুদ্ধে সাহস ও প্রেরণা জুগিয়েছিল। দেলাওয়ার হোসাইন সাঈদীর শাহাদাতকে বাংলাদেশের ইতিহাসে একটি কলঙ্কজনক অধ্যায় হিসেবে উল্লেখ করে তিনি বলেন, রাষ্ট্রীয় পরিকল্পনায় তাকে হত্যা করে ফ্যাসিস্ট সরকার জনমত দমন করতে চেয়েছিল। কিন্তু তার আত্মত্যাগ জনগণকে জাগিয়ে তোলে এবং গণ-আন্দোলনের জন্ম দেয়, যা মাত্র এক বছরের মধ্যে স্বৈরাচারী সরকারের পতন ঘটায়। জামায়াতের এ নেতা অভিযোগ করে বলেন, জামায়াতে ইসলামীর শীর্ষ নেতাদের পরিকল্পিতভাবে বিচারিক হত্যার শিকার করা হয়েছে। আইনের শাসন ও ন্যায়বিচার উপেক্ষা করে রাষ্ট্রীয় শক্তি ব্যবহার করে মতিউর রহমান নিজামী, আলী আহসান মুহাম্মদ মুজাহিদ, আবদুল কাদের মোল্লা এবং সালাউদ্দিন কাদের চৌধুরীর ফাঁসি কার্যকর করা হয়েছে, যা ছিল রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ও পক্ষপাতদুষ্ট। সভায় আরও বক্তব্য রাখেন, দলটির কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য চট্টগ্রাম মহানগরীর সেক্রেটারি অধ্যক্ষ মুহাম্মদ নুরুল আমিন, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও চট্টগ্রাম মহানগরীর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অধ্যক্ষ মাওলানা খাইরুল বাশার, মুহাম্মদ উল্লাহ ও ফয়সাল মুহাম্মদ ইউনুস, মহানগর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি মোরশেদুল ইসলাম চৌধুরী, সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ শামসুজ্জামান হেলালী, কর্মপরিষদ সদস্য ডা. মুহাম্মদ ছিদ্দিকুর রহমান, শ্রমিক কল্যাণ ফেডারেশন মহানগর সভাপতি এস এম লুৎফর রহমানসহ প্রমুখ।

## চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন

সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন করেন প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (উপ-পরিচালক) শারমিন আক্তার। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক (ডিডি) মাসুদুর রহমান সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান, সহকারী পুলিশ সুপার (এএসপি) তাজরিনা সুলতানা , অধ্যাপক মো. সিদ্দিকুর রহমান, বনবিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা রকিব উদ্দিন ও ছাত্র প্রতিনিধি সজিবুল ইসলাম বক্তব্য রাখেন। প্রধান অতিথি শারমিন আক্তার বলেন, 'আমরা চাই সবুজ অন্তর্ভুক্তমূলক এবং পরিবেশ ও জলবায়ু সহিষ্ণু নতুন বাংলাদেশ গড়ার। যেখানে থাকবে না কোন বৈষম্য এবং প্রাকৃতিক পরিবেশে তৈরী হবে আগামী প্রজন্মের জন্য। এই উদ্যোগকে সামনে নিয়ে সপ্তাহব্যাপী বৃক্ষরোপন ও বৃক্ষমেলা অনুষ্ঠিত হচ্ছে। যারা আছে তাদের সাথে গাছের পরিচিত করে দেয়া হবে। বাংলাদেশের সকল মানুষ যদি সবাই একটি করে গাছ লাগায়, তাহলে পরিবেশের ভারসাম্য রক্ষা হবে। যেসকল ষ্টল এখানে দেয়া হয়েছে তাদেরকে পুরস্কৃত ও সার্টিফিকেট দেয়া

## আশরাফপুর দারুস সুন্নাহ দাখিল

করেন মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি মাওলানা মোঃ নজরুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মাদ্রাসার সুপার মোঃ মাসুদুর রহমান। এছাড়াও বক্তব্য রাখেন সিনিয়র শিক্ষক বরকতউল্লাহ, শিক্ষক আব্দুল কুদ্দুস, অভিভাবক মরিয়ম খাতুন, পান্না খাতুন ও মহিবুর রহমান প্রমুখ।

বক্তারা বলেন, বর্তমান যুগে কেবল প্রাতিষ্ঠানিক শিক্ষাই নয়, আদর্শ চরিত্র গঠন ও নৈতিক মূল্যবোধ প্রতিষ্ঠাও অত্যন্ত জরুরি। এজন্য শিক্ষাপ্রতিষ্ঠান, শিক্ষক এবং অভিভাবকড়সবার সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজন। সমাবেশে অভিভাবকরা শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন পরামর্শ প্রদান করেন এবং শিক্ষক-অভিভাবক মেলবন্ধন জোরদার করার উপর গুরুত্বারোপ করেন।

## মেহেরপুর পৌর কলেজ পাড়ায় চায়ের

এসে দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনে এবং পরিস্থিতি শান্ত করে। ফায়ার সার্ভিসের সিভিল ডিফেন্স সদস্যরা জানিয়েছেন, চুলা থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। অগ্নিকান্ডে প্রাথমিকভাবে প্রায় ৪০ হাজার টাকার ক্ষতি হয়েছে।

এ ঘটনায় হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। স্থানীয় কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীর পাশে দাঁড়ানোর আশ্বাস দিয়েছেন।

## নাসীরুদ্দীন পাটওয়ারী

মানসিক চর্চা।' ফেসবুক পোস্টটিকে শোকজ নোটিশের জবাব হিসেবে উল্লেখ করে নাসীরুদ্দীন লিখেছেন, '৫ আগস্ট আমার কোনো পূর্বনির্ধারিত রাষ্ট্রীয় বা সাংগঠনিক কর্মসূচি ছিল না। দল থেকেও আমাকে এ সংক্রান্ত কোনো দায়িত্ব বা কর্মপরিকল্পনা জানানো হয়নি।' তিনি বলেন, '৪ আগস্ট রাতে দলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ তার কোচিং অফিসের সহকর্মীর ফোন ব্যবহার করে আমাকে জানায় যে, তিনি তার স্কুল বন্ধুদের সঙ্গে দুইদিনের জন্য ঘুরতে যাবেন। আমি তাকে আহ্বায়ক মহোদয়কে অবহিত করতে বলি এবং তিনি জানান যে বিষয়টি জানাবেন, এবং আমাকেও জানাতে বলেন যেহেতু তার নিজস্ব ফোন পদযাত্রায় চুরি হয়ে গিয়েছিল। ৪ আগস্ট রাতে পার্টি অফিসে আমি আহ্বায়ক মহোদয়ের সঙ্গে দেখা করে বিষয়টি জানাই। একই রাতে আমি সদস্য সচিব মহোদয়ের সঙ্গে ফোনে যোগাযোগ করি এবং জানতে পারি যে, রাষ্ট্রীয় প্রোগ্রামে দল থেকে তিনজন প্রতিনিধি যাচ্ছেন এবং সেখানে আমার কোনো কাজ নেই।' 'আমি কোনো দায়িত্বে না থাকায়, এবং ব্যক্তিগত প্রয়োজন ও মানসিক প্রস্তুতির অংশ হিসেবে ঘুরতে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করি। সফরসঙ্গী হিসেবে সস্ত্রীক সারজিস আলম ও তাসনিম জারা-খালেদ সাইফুল্লাহ দম্পতি যুক্ত হন,' বলেন তিনি। ফেসবুক পোস্টে নাসীরুদ্দীন আরও বলেন, 'আমি ঘুরতে গিয়েছিলাম, তবে এই ঘোরার লক্ষ্য ছিল রাজনীতির ভবিষ্যৎ দিকনির্দেশনা নিয়ে একান্তে চিন্তা-ভাবনা করা। সাগরের পাড়ে বসে আমি গভীরভাবে ভাবতে চেয়েছি গণঅভ্যুত্থান, নাগরিক কমিটি, নাগরিক পার্টির কাঠামো, ভবিষ্যৎ গণপরিষদ এবং একটি নতুন গণতান্ত্রিক সংবিধানের রূপরেখা নিয়ে। আমি এটিকে কোনো অপরাধ মনে করি না, বরং একজন রাজনৈতিক কর্মীর জন্য এটি একটি দায়িত্বশীল মানসিক চর্চা।' 'কক্সবাজার পৌঁছানোর পর হঠাৎ গুজব ছড়িয়ে পড়ে যে আমরা নাকি সাবেক মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে দেখা করতে এসেছি। আমি তাৎক্ষণিকভাবে গণমাধ্যমকে জানাই যে, এটি সম্পূর্ণ মিথ্যা এবং উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচার। হোটেল কর্তৃপক্ষ নিশ্চিত করে জানায় সেখানে পিটার হাস নামে কেউ নেই। পরবর্তীতে বিভিন্ন সূত্র থেকে জানা যায়, তিনি তখন ওয়াশিংটনে অবস্থান করছিলেন,' যোগ করেন তিনি। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, 'এই গুজব একটি পরিকল্পিত ষড়যন্ত্র এবং আমাদের ভাবমূর্তি নষ্ট করার অপচেষ্টা। অতীতেও আমি এই হোটেলে থেকেছি এবং কখনো কোনো বিতর্ক সৃষ্টি হয়নি। অতীতেও আমি বেশ কয়েকবার ঘুরতে গিয়েছি, কিন্তু ঘুরতে আসলে দলের বিধিমালা লঙ্ঘন হয়, এমন কোনো বার্তা আমাকে কখনো দল থেকে দেয়া হয়নি।' তিনি বলেন, 'পরিস্থিতির আলোকে আমি মনে করি শোকজ নোটিশটি বাস্তবভিত্তিক নয়। আমার সফর ছিল স্বচ্ছ, সাংগঠনিক নীতিমালাবিরোধী নয় এবং একান্ত ব্যক্তিগত চিন্তা-ভাবনার সুযোগ মাত্র। তবুও দলীয় শৃঙ্খলার প্রতি শ্রদ্ধা রেখে এবং রাজনৈতিক শালীনতা বজায় রেখে আমি এই লিখিত জবাব প্রদান করছি। অসভ্য জগতে সভ্যতার এক নিদের্শন হিসেবে।' 'আমার বক্তব্য স্পষ্ট: ঘুরতে যাওয়া অপরাধ নয়। কারণ ইতিহাস কেবল মিটিংয়ে নয়, অনেক সময় নির্জন চিন্তার ঘরে বা সাগরের পাড়েও জন্ম নেয়,' বলেন এনসিপি নেতা নাসীরুদ্দীন পাটওয়ারী।

## শহড়াতলা প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার

বড় সমস্যা হলো বিদ্যালয় প্রাঙ্গণে সাপ্তাহিক হাট বসা। প্রতি মঙ্গলবার ও বৃহস্পতিবার এখানে বসে স্থানীয় পণ্যের বাজার। হাটের কারণে এদিন বিদ্যালয় চত্বর হয়ে ওঠে জনারণ্য। শিশুদের ক্লাসে মনোযোগ তো দূরের কথা, অনেক সময় শ্রেণিকক্ষে ঢুকেই পড়া সম্ভব হয় না। হাটে আসা লোকজন, যানবাহনের শব্দ, পণ্যের ডাকাডাকিড়সব মিলিয়ে পাঠদান পুরোপুরি বাধাগ্রস্ত হয়।

বর্ষায় হাঁটু পানি, শুষ্ক মৌসুমেও নেই স্বস্তি। বর্ষা মৌসুমে বিদ্যালয় চত্বর ও আশপাশের এলাকায় পানি জমে হাঁটু সমান হয়ে যায়। স্কুলে প্রবেশ করতে কোমলমতি শিক্ষার্থীদের জুতা খুলে হাঁটতে হয়। এর ফলে অনেকেই স্কুলে আসতেই চায় না। আবার যেসব শিশু আসে, তারা সর্দি-কাশি, জ্বরসহ নানা রোগে আক্রান্ত হয়। এমন বাস্তবতায় অভিভাবকদের একটি বড় অংশ সন্তানের শিক্ষা নিয়ে উদ্বিগ্ন, হতাশ। অথচ এই প্রজন্মই তো দেশের ভবিষ্যৎ। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাবিয়া সালমা জানান, "এখন আমাদের বিদ্যালয়ে মোট ১৬০ জন শিক্ষার্থী রয়েছে। তাদের মধ্যে প্রথম শ্রেণিতে ২১ জন, দ্বিতীয় শ্রেণিতে ৩০ জন, তৃতীয় শ্রেণিতে ৩৪ জন, চতুর্থ শ্রেণিতে ৩৫ জন এবং পঞ্চম শ্রেণিতে ৪০ জন রয়েছে।"

শিক্ষকের সংখ্যা অনুযায়ী আপাতদৃষ্টিতে কোনো সংকট না থাকলেও, পরিকাঠামো ও পরিবেশগত প্রতিবন্ধকতা শিক্ষার মানকে নিচে নামিয়ে দিচ্ছে। শিক্ষার্থীদের মধ্যে অনুপস্থিতির হার বাড়ছে, ঝরে পড়ার হারও আশঙ্কাজনকভাবে বেড়ে যাচ্ছে বলে স্থানীয়রা জানিয়েছেন। শহড়াতলা গ্রামের প্রবীণ বাসিন্দা ও বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী আলহাজ্ব মজিবর রহমান বলেন, "আমরা একসময় গর্ব করতাম এই বিদ্যালয় নিয়ে। এখন কষ্ট লাগে দেখলে মনে হয় এটা কোনো বিদ্যালয় নয়, যেন একটা হাটের গুদামঘর।" অভিভাবক মোছা. সাবিনা খাতুন বলেন, "আমার দুই মেয়ে এখানে পড়ে। কিন্তু তারা স্কুলে গিয়ে হাটের ভিড় আর গরমে কষ্ট পায়। কখনো কখনো বই ভিজে যায়, ক্লাসেই যেতে চায় না।" বিদ্যালয়টির এমন নাজুক অবস্থার জন্য স্থানীয় শিক্ষা বিভাগ ও ইউনিয়ন পরিষদের মধ্যে সমন্বয়হীনতা, নজরদারির অভাব এবং দীর্ঘদিনের পরিকল্পনাহীনতা দায়ী বলে মত দিয়েছেন এলাকাবাসী। একাধিকবার লিখিত ও মৌখিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হলেও কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়নি বলেও অভিযোগ রয়েছে। মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো: রুহুল আমীন বলেন," হাটের বিষয়টি আমরা জেলা প্রশাসককে ব্যবস্থা নেওয়ার জন্য পত্র দিয়েছি। আর বিদ্যালয়ের পানি জমার বিষয়ে উপজেলা শিক্ষা অফসারকে সরজমিনে দেখে রিপোর্ট দিতে বলেছি। রির্পোট পেলে যেন মাঠটি মাটি ভরাট করে উচু করা যায় তার ব্যবস্থা নেওয়া হবে।"

## সীমান্তে মাদক বহণে প্রাণ গেল বাবুর

আলীর ছেলে সেই চক্রের এক ক্ষুদ্র সদস্য হিসেবে পরিচিত ছিলেন বলে স্থানীয়দের ভাষ্য। বুধবার (৬ আগস্ট) সন্ধ্যায় তিনি আরও চারজনের সঙ্গে সীমান্তবর্তী বাজিতপুর এলাকায় যান। তাদের উদ্দেশ্য ছিল মাদক সংগ্রহ। বিকেলের পর সন্ধ্যা ঘনিয়ে এলে ওই পাঁচজন মাদক সংগ্রহের চেষ্টা করছিলেন। এমন সময় সীমান্তে টহলরত বিজিবি সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে যান। উপস্থিতি টের পেয়ে চারজন পালিয়ে গেলেও বাবু দিশেহারা হয়ে পাশের হরিরামপুর বিলে ঝাঁপ দেন। এরপর থেকে আর তার খোঁজ মেলেনি। রাতে খোঁজাখুঁজির পর বৃহস্পতিবার সকাল সাড়ে আটটার দিকে বিলের উত্তর পাশে তার মরদেহ ভাসতে দেখা যায়। স্থানীয়রা পুলিশে খবর দিলে তারা এসে মরদেহ উদ্ধার করে। বুড়িপোতা ইউনিয়নের সাবেক ইউপি সদস্য আছেদ আলী বলেন, "বিজিবি সদস্যরা আমাকে ডেকে বলেন, পাঁচজনের মধ্যে চারজন পালিয়েছে, একজন পানিতে ঝাঁপ দিয়েছে। আমরা রাতেই আশপাশে খুঁজেছি, কিন্তু কিছু পাইনি। সকালে বিলের মধ্যে ভাসমান অবস্থায় বাবুর লাশ দেখা যায়।" নিহতের পরিবার জানায়, বাবু বিকেলে বাড়ি থেকে বের হওয়ার পর রাতে আর ফেরেননি। তারা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করছিলেন। সকালে মৃত্যুর খবর শুনে তারা ঘটনাস্থলে যান। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজাবাহ উদ্দিন জানান, "প্রাথমিকভাবে আমরা ধারণা করছি এটি পানিতে ডুবে মৃত্যুর ঘটনা। তবে এটি নিশ্চিতভাবে বলতে মরদেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে।"

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ খাইরুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেছেন। তিনি বলেন, "মাদক প্রতিরোধে আমরা নিয়মিত প্রশাসনিক তৎপরতা চালিয়ে যাচ্ছি। এই মৃত্যু অনাকাঙ্ক্ষিত ও দুঃখজনক।" মেহেরপুরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সীমান্তবর্তী এলাকাগুলোতে দীর্ঘদিন ধরেই মাদকের প্রবাহ থামানো যাচ্ছে না। মাদক নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপস্থিতি ও তৎপরতা থাকলেও চোরাকারবারীরা প্রতিনিয়ত কৌশল বদলে তা বহন করছে। স্থানীয় বেকার তরুণদের একটি অংশ এসব কর্মকাণ্ডে যুক্ত হয়ে পড়ছে। বাবুর মৃত্যু নিছক একটি ঘটনা নয় এটি সীমান্তবর্তী এলাকায় মাদকের ভয়াবহ ছায়ারই প্রতিচ্ছবি। যে পথে মাদক আসে, সে পথে মৃত্যুও আসেড়এই বার্তা যেন আরও একবার চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল হরিরামপুর বিলের জল। বাবুর মৃত্যু হয়তো তদন্ত, ময়নাতদন্তের মাঝে হারিয়ে যাবে, কিন্তু প্রশ্ন থেকে যাবে কতজন বাবু আর এই পথে হারিয়ে যাবে?